১৬ পাতার সংখ্যা
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 38 ■ Issue No. 21 ■ 24th May 2025 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ADMISSION OPEN LIMITED SEATS
WBCS IN NEW PATTERN & SYLLABUS
WE OFFER GUIDANCE FOR WBCS EXAM ONLY BY EXPERTS & OFFICERS
CSAT, ESSAY, ART, CULTURE & HERITAGE OF BENGAL, ETHICS PAPER INCLUDED
DESCRIPTIVE ANSWER WRITING, MCQ & CCT CLASS TESTS, DAILY CURRENT AFFAIRS
START YOUR PREPARATION WITH EXPERT GUIDANCE
NEW WBCS BATCH FROM MAY 2025
WBCS MADE EASY 8274048710 8585843673
SEALDAH (COLLEGE ST. KOLKATA), SILIGURI & ONLINE, VISIT WWW.WBCSMADEEASY.IN

## স্কুল সার্ভিসের মাধ্যমে ৪০ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি এমাসেই

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা পদের বিজ্ঞপ্তি ৩১ মে'র মধ্যে বের করতে হবে, এমনই নির্দেশ ছিল সুপ্রিম কোর্টের। ৩ এপ্রিল সুপ্রিম কোর্টের রায়ে নবম-দশম, একাদশ ও দ্বাদশ আর গ্রুপ-সি ও গ্রুপ-ডি এই ৩টি পরীক্ষা মিলিয়ে মোট ২৫,৭৫২ জনের চাকরি বাতিল হয়। এর মধ্যে নবম-দশম শ্রেণিতে প্রার্থীর সংখ্যা ১২,৯০৫টি, একাদশ ও দ্বাদশ শ্রেণিতে প্রার্থীর সংখ্যা ৫,৭১২টি, গ্রুপ-সি পদে ২,০৬৭টি, গ্রুপ-ডি পদে ৩,৯৫৬টি।

স্কুল সার্ভিস কমিশন নবম থেকে

এরপর ১১ পাতায়

ICE Academy
WBCS 2024 ও 2025
SSC, Railway, Bank
WBPSC, Combined
নতুন ব্যাচ : 24 ও 30 মে
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

LL.B (3 Yrs)
Direct Admission
যোগ্যতা : যেকোন বয়সে এবং যেকোন University-র গ্র্যাজুয়েট ও 45% নম্বর, SC/ST - 40%
LL.B (5 Yrs), LL.M
'ল' পয়েন্ট
9830132343, 6290760935
১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা-৭০০০০৯

## পুলিশের কনস্টেবল ১০ লাখ প্রার্থীর পরীক্ষা সেপ্টেম্বরেই

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদে ১১,৭৪৯ জন ছেলেমেয়ে নেওয়ার জন্য গত বছর মার্চ-এপ্রিল মাসে যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার প্রার্থী বাছাই পরীক্ষা হবে সম্ভবত এবছর পুজোর আগে। পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড সূত্রে পাওয়া খবর অনুযায়ী, এই পদের জন্য দরখাস্তকারীর সংখ্যা ১০,০৩,৩৬৩ জন। এর মধ্যে ছেলে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৮ লাখের বেশি আর মেয়ে পরীক্ষার্থীর সংখ্যা ২ লাখের কাছাকাছি। এক পরীক্ষার্থী পশ্চিমবঙ্গ

এরপর ১১ পাতায়




## রেলের NTPC ক্যাটেগরির CBT টেস্ট ৫ জুন থেকে

**রঞ্জিৎ ঘোষ, নয়া দিল্লি :** কলকাতা, শিলিগুড়ি, মালদহ, গুয়াহাটি, পটনা, রাঁচি, চেন্নাই, আহমেদাবাদ, এলাহবাদ, বেঙ্গালউরু, ভুবনেশ্বর, বিলাসপুর, মুম্বই, মজঃফরপুর, সেকেন্দরাবাদ, আজমীর, জম্মু-কাশ্মীর, চন্ডীগড়, ভোপাল, গোরখপুর ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের ১৭টি জোনে ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (গ্র্যাজুয়েট লেভেল) (বিজ্ঞপ্তি নং ০৫ / ২০২৪) পদে ৮,১১৩ জন ছেলেমেয়ে নেওয়ার জন্য যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার

এরপর ১১ পাতায়

## কেন্দ্রীয় সরকারে CGL, CHSL, MTS পরীক্ষা

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পদে সারা বছরই কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতা পর্যন্ত ২০২৫ সালে যে যে পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হবে তা দেওয়া হল (রিভাইজড তালিকা)। কোন পদের জন্য কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে, দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ কবে ও পরীক্ষা কবে হবে ইত্যাদি তথ্য এখানে দেওয়া হল :

(ক) ফেজ -XIII সিলেকশন পোস্ট : কেন্দ্রীয় সরকারের বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, ন্যাশনাল টেস্ট হাউস, জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, কলকাতার ন্যাশনাল লাইব্রেরি,

এরপর ৬ পাতায়

20 বছরের বিশ্বস্ত প্রতিষ্ঠান
GLOBAL SCHOOL OF MANAGEMENT
2023 এবং 2024 সালে ছাত্রছাত্রীদের Campasing এর মাধ্যমে 30,000/-1,20,000/- টাকা বেতনের চাকরি দিয়ে নজির সৃষ্টি করেছে।



COURSES OFFERED IN HOTEL MANAGEMENT
3 yrs. BHM
3 yrs. DHM
ভর্তি চলিতেছে
18/12/6 Months Certificate Course
Seat সীমিত
Course Fees সাধারণের আয়ত্তের মধ্যে
Ph.: 9433947225, 9062269582

### কলকাতার ১১৭টি আইটি কোম্পানিতে
## ২৭,০২৩ ওয়েব ডিজাইনার

**সৈকত হালদার, সল্টলেক :** কলকাতার ১১৭টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ২৭,০২৩ ওয়েব ডিজাইনার লাগবে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। সঙ্গে লাগবে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং। এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কি কিভাবে নিজেকে তৈরি করলে সামনের ৩ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে

এরপর ৪ পাতায়

### দেশের ৫৭টি পাঁচতারা হোটেলে
## ১,২৫০ কুক ও শেফ

**পারমিতা মিত্র, কলকাতা :** দেশের অন্যতম সেরা হোটেল গ্রুপ ITC, JW Marriott International, Radisson Blue, Holiday Inn, Lemontree, Fairfield, Sheraton-এ ৫৭টি হোটেলে 'শেফ' ও 'কুক' পদে ১,২৫০ ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

এরপর ৬ পাতায়

অ্যালোভেরা যুক্ত ভেষজ স্নানের সাবান তৈরির ব্যবসা ভেতরের পাতায়

## বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে সেনাবাহিনীতে চাকরি

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** ভারতীয় স্থলবাহিনী বিনা খরচায় ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পড়িয়ে (১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিম কোর্সে-TES-54) লেফটেন্যান্ট পদে চাকরি দিচ্ছে। শুরুতে 'ক্যাডেট' হিসাবে ট্রেনিং। ৩ বছর পরই মাসে

এরপর ২ পাতায়

## বিমানবাহিনীত ১৫৩ ক্লার্ক

**নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভারতীয় বিমানবাহিনীর বিভিন্ন স্টেশন / ইউনিটে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক', 'সিভিলিয়ন মেকানিক্যাল ট্রান্সপোর্ট

এরপর ১১ পাতায়

## প্রতিরক্ষা সংস্থায় ১৩৫ চাকরি

**নিজস্ব প্রতিনিধি, ভান্ডারা :** ইতার্সি অর্ডন্যান্স ফ্যাক্টরি 'কেমিক্যাল প্রসেস ওয়ার্কার' ট্রেডে ১৩৫ জন লোক নিচ্ছে। আই.টি.আই. থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট)

এরপর ১১ পাতায়

## ৬০ ডেপুটি ম্যানেজার

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া 'ডেপুটি ম্যানেজার (টেকনিক্যাল)' পদে ৬০ জন লোক নিচ্ছে। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন।

এরপর ৪ পাতায়

GENEX SUPTENNDU GROUP
2022-25 শিক্ষাবর্ষে নার্সিং কাউন্সিলে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকার করেছে লক্ষ্মী নার্সিং ইনস্টিটিউট এর দুই কৃতি ছাত্র।
GNM & B.Sc.
I.N.C স্বীকৃত ও W.B.N.C. অনুমোদিত
LAKSHMI NURSING INSTITUTE (Male)
তিন বছরের GNM কোর্স ফি 3.5 লক্ষ টাকা
BASUDEB NURSING INSTITUTE (Female)
তিন বছরের GNM কোর্স ফি 2 লক্ষ টাকা
GENEX NURSING INSTITUTE (Male)
তিন বছরের GNM কোর্স ফি 3 লক্ষ টাকা
B.Ed ও D.El.Ed.
GENEX B.Ed. College
(NCTE স্বীকৃত ও WBUTTEPA অনুমোদিত)
Suptdndu Memorial D.El.Ed. College
(NCTE স্বীকৃত ও WBBPE অনুমোদিত)
D.PHARMA
- Genex College of Pharmaceutical Science & Technology
- Suptendu Pharmacy Institute
- Lakshmi Pharmacy Institute
(PCI স্বীকৃত ও WBSCTVE & SD অনুমোদিত)
5 minute from Chuchura Station, Sugadha, Hooghly
6290094671 / 9748305453

**কর্মসংস্থান**

সাপ্তাহিক পত্রিকা

প্রধান কার্যালয়

১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯

হেল্পলাইন

✆ : ৬২৯১৬৮৪৯৪৩

কাগজ না পেলে এই নম্বরে জানান

✆ : ৯৮৩০৬২৪১৭০

ই-মেল

karmsang@gmail.com


## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**

MP, HS, UG, PG, Nursing, B.Ed, D.Pharm অন ডিমান্ডে 70% গ্যারান্টি। হুগলি- 7003156422

□ R

ফিজিওথেরাপি, অপ্টোমেট্রি, ECG, প্যাথোলজি (DMLT), X-Ray, নার্সিং, Diet কোর্সে ভর্তি চলছে। CBMC, 32 সূর্য সেন স্ট্রীট, কলি-9, 7980637213

□ CM


All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.


## স্কুল-কলেজ-শিক্ষা

6 সপ্তাহের প্রফেশনাল ওয়ার্কশপ করে নিজেকে ফিল্ম ইন্ডাস্ট্রিতে প্রতিষ্ঠিত করতে বেনজিন এন্টারটেনমেন্টের ডিরেক্টরস্ কাট মাস্টার ক্লাসে ভর্তি হন। এখানে শেখানো হচ্ছে ফিল্ম ডিরেকশন, অভিনয়, ফিল্ম এডিটিং, সিনেমাটোগ্রাফি, স্ক্রিপ্টরাইটিং ও মেক আপ। যোগাযোগ M : 9038640271 অথবা www.benzeneentertainment.com-এ

□ SH

**মাধ্যমিক/H.S.**

N.I.O.S/অন্যান্য বোর্ড থেকে মাধ্যমিক/H.S/গ্র্যাজুয়েশন/মাস্টার ডিগ্রি পাশ করুন গ্যারান্টিসহ। M : 7001092049, Franchise req.

□ SH

## কর্মখালি

রেল/স্বাস্থ্য/বন্দর/I.T./কোলিয়ারীতে M/F স্টাফ চাই। Agents are welcome. M : 7001092049.

□ SH

এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ট্রলিবয়, অ্যানাউন্সার, গ্রাউন্ডস্টাফ, ফুড প্যাকিং বিভিন্ন পদে M/F চাই। বেতন : (22K–48K) OT সহ অন্যান্য সুবিধা। M : 9038103014

□ SP

**কর্মসংস্থান**

বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ

✆: 7890135514 / 9830795430

## কর্মখালি

বেহালা চৌরাস্তায় প্রিন্টিং হাউসে বই বাঁধাই-এর কাজের জন্য ও নানাবিধ কাজের জন্য কম্পিউটার জানা (স্নাতক, অনূর্দ্ধ ৩০, exp. & fresher) পুরুষ চাই। এছাড়া Junior Accountant প্রয়োজন। Send your CV at polycoindustries@gmail.com, M: 8910983806, থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে।

□ MS

কিমি সিকিউরিটি, কলকাতা ও হাওড়ার জন্য অভিজ্ঞ গার্ড ও সুপারভাইজার চাইছে। বেতন : 11000–14000. ESI ও PF-এ সুবিধা আছে। Mob : 9038644456 (12 - 5টা)

□ SH(A)

**জরুরি বিজ্ঞপ্তি**

কলকাতা মেট্রো রেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে সরাসরি ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : HS–স্নাতক ও উর্দ্ধে। বেতন : (18200–68500), PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন সহ থাকা ও খাওয়ার বিশেষ সুবিধা। যোগাযোগ - M : 9091437894

□ SA(A)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## কর্মখালি

WBSEDCL কন্ট্রাক্টরের অধীনে জেলা ভিত্তিক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন : 14,600/- থেকে 42,200/-, Ph : 7450881915

□ SP

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**

বিনা ডোনেশানে কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে স্থায়ী কাজে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: H.S – স্নাতক ও উর্দ্ধে। বেতন : (19700 – 72,500). থাকা ও খাওয়া সহ PF, ESI, ছুটি, মেডিকেল, বোনাস ও প্রমোশন-এর সুবিধা আছে। M : 9836614124

□ SA(A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**

কলকাতা মেট্রো রেলের কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS– স্নাতক ও উর্দ্ধে। বেতন : 17,400/- থেকে 62,700/-, Ex-Army দের সুবিধা আছে। 9088081298

□ SP

**ICICI ব্যাঙ্ক DSA তে**

জেলাভিত্তিক M/F কর্মী নিয়োগ। যোগ্যতা : 8ম-স্নাতক। বেতন : 18,200/-–45,700/-. Ex-আর্মি, SC, OBC-দের বিশেষ সুবিধা আছে। M : 8535968240

□ SA

## কর্মখালি

কলকাতা মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব। কোন পরীক্ষা ছাড়াই নিয়োগ। অষ্টম-স্নাতক। মোট আসন-2786, Age- 18+–55 M/F নিয়োগ। স্যালারি - 24K to 78K. PF, ESI, বোনাস, Ex-Army extra সুবিধা, M : 8695119625

□ SA(A)

**মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে**

M/F নিয়োগ চলছে। বেতন : 21,300/- থেকে 56,600/- OT-সহ থাকা-খাওয়ার সুবিধা। SC, ST দের ছাড় আছে। M : 7450802859

□

**এয়ারপোর্ট জব ভ্যাকান্সি**

সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী (কলকাতা, দমদম, শিলিগুড়ি, বাগডোগড়া ও অন্ডাল) এয়ারপোর্টে স্থায়ী পদে সরাসরি ছেলে/মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা: MP–স্নাতক ও উর্দ্ধে। বেতন : 18700–68900. PF, ESI, মেডিকেল, বোনাস ও প্রমোশন সহ থাকা ও খাওয়া ফ্রি। 9051481194

□ SA(A)

## কর্মখালি

**Axis Bank DSA-তে**

21টি জেলায় নিয়োগ। যোগ্যতা: SF উর্দ্ধে। বেতন : (22K–48K)+ ইনসেন্টিভ, ইনক্রিমেন্ট। ST, SC, OBC-দের ছাড় আছে। বিশদ জানতে ফোন করুন : 9088232191

□ SP

**জরুরী বিজ্ঞপ্তি**

WBSEDCL কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন পদে M/F সরাসরি কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : অষ্টম-স্নাতক। বেতন: 16200/-–48800/- এছাড়াও Ex-Army বিশেষ সুবিধা আছে। M : 8436186889

□ SA

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**

শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিনা ডোনেশনে এয়ারপোর্ট-এ Ground Staff, Ticket Counter-সহ বিভিন্ন পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্দ্ধে। বেতন : (18700–68900), PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন সহ থাকা ও খাওয়া ফ্রি। M : 9051483431

□ SA(A)

**CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY (CIMST)** Since 1995

U.G.C. স্বীকৃত & B.S.S. (Govt. of India) অনুমোদিত কোর্সে ভর্তি চলছে

D.M.L.T., Phlebotomy, D.P.T, E.C.G., রেডিওলজি, O.T., D.C.C.M (I.C.U), Dialysis, D.Optm, ডেন্টাল (D.D.H.), R.M.P., CMS & ED, আয়ু: (D.A.M.S), Dip. in Homeo, G.N.M. Nursing, D.Pharm.

126 B, রাজা রামমোহন সরণী, কোল-9, শিয়ালদহ, আমহার্স্ট স্ট্রীট মোড়

(M) : 93310-62421

www.cimst.ac.in হোস্টেলের ব্যবস্থা আছে

যোগ্যতা- মাধ্যমিক & H.S.

আপনি কি নিজের কেরিয়ার নিয়ে দুশ্চিন্তায় আছেন আজকের দিনে চাকুরীমুখী কোর্সই হচ্ছে ভবিষ্যতের গেটওয়ে। এই সুযোগ এনে দিচ্ছে

**Burdwan College of Distance Education**

| | |
|---|---|
| ITI<br>DIPLOMA<br>B.Tech<br>DIP. Mining<br>B.Tech Mining | AGRICULTURE<br>Dip. in Agriculture<br>B.Sc. in Agriculture<br>M.Sc. in Agriculture |
| FISHERIES<br>B.F.Sc.<br>M.F.Sc. | PHARMACY<br>D.Pharm<br>B.Pharm<br>PharmD |
| B.D.S<br>(Package only 6 lakh)<br>M.D.S | PARAMEDICAL<br>B.P.T, BMLT<br>Radiology |

চাকুরীজীবিদের জন্য Online / Distance এর মাধ্যমে সব ধরনের কোর্স করানো হয়।

BA, B.Sc., B.Com., BBA, BCA, MA, M.Sc., M.Com., MCA, M.Ed., D.Ed., B.Ed., BLIS, MLIS

Pharmaceutical Management এর উপর MBA করানো হয়।

যোগাযোগ : বর্ধমান

8145441235 / 9883306657

**মেদিনীপুর রিহ্যাবিলিটেশন সেন্টার ফর চিলড্রেন**

(বিশেষভাবে সক্ষম শিশুদের কল্যাণে উৎসর্গীকৃত ও পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক রাজ্য পুরস্কার- ২০২১ জয়ী ঐতিহ্যবাহী স্বেচ্ছাব্রতী প্রতিষ্ঠান)

ঠিকানা : পালবাড়ী, মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর- ৭২১১০১

**২০২৫-২৭ শিক্ষাবর্ষে RCI স্বীকৃত প্রফেশনাল কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি**

**D.Ed. Spl. Edu** (H.I) - 2 বছর / **D.Ed. Spl. Edu** (IDD)- 2 বছর

ন্যূনতম যোগ্যতা : HS পাশ (Gen / OBC-50%, SC/ST/PWD- 45%)

ওই নম্বর থাকলে যে কেউ সাধারণ ছেলেমেয়ে আবেদন করতে পারেন। প্রশিক্ষণান্তে প্রাথমিক / উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে General Teacher ও Special Educator উভয় পদেই নিযুক্তির সুযোগ পাবেন)

ভর্তির শেষ তারিখ : ৩০ জুন, ২০২৫

**9609465531 / 9617395244 / 9147044899**

বি.দ্র. সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে রাজ্য সরকারগুলি Special Educator পোস্ট সৃষ্টি করায় স্কুল চাকরির সম্ভাবনা উজ্জ্বল।

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

## বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা বা, বিজ্ঞাপন সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

## বিনা খরচে ইঞ্জিনিয়ারিং

১ পাতার পর

৫৬,১০০ টাকা করে স্টাইপেন্ড পাবেন। তারপর চতুর্থ বছরের পরীক্ষায় সফল হলে একদিকে যেমন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের সার্টিফিকেট পাবেন, অন্যদিকে তেমন লেফটেন্যান্ট পদে স্থায়ী চাকরি।

ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ২০২৫ সালের জে.ই.ই. (মেনস) পরীক্ষা দিয়ে থাকতে হবে।

বয়স হতে হবে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-২০০৬ থেকে ১-৭-২০০৯'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২-১৮৩ সেমি আর ওজন হতে হবে ৪৩-৬৮ কেজি। বুকের ছাতি ৫ সেমি প্রসারণ ক্ষম থাকা দরকার। এছাড়া শারীরিক সুস্থতা থাকতে হবে। মোট ৫ বছরের ট্রেনিং। এর মধ্যে প্রথমে ১ বছর বেসিক মিলিটারি ট্রেনিং হবে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে। সফল হলে ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিং হবে পুণের কলেজ অফ মিলিটারি ইঞ্জিনিয়ারিংয়ে, সেকেন্দরাবাদের মিলিটারি কলেজ অফ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স ও মোহৌয়ের মিলিটারি কলেজ অফ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে। এরপর ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১ বছরের পোস্টকমিশন ট্রেনিং হবে। সফল হলে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশের সার্টিফিকেট পাবেন। ৩ বছরের প্রি-কমিশন ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। ৪ বছরের ট্রেনিং শেষে 'লেফটেন্যান্ট' র‍্যাঙ্কে চাকরি। তখন মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। এরপর ধাপে ধাপে লেফটেন্যান্ট জেনারেল পদ পর্যন্ত পদোন্নতি হতে পারে। শূন্যপদ : ৯০টি। ট্রেনিং শুরু আগামী বছর জুলাইয়ে।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। ইন্টারভিউ হবে এলাহবাদ, বেঙ্গালউরু ও ভোপালে আগস্ট-সেপ্টেম্বরে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১২ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in অনলাইনে দরখাস্ত করার পর ২ কপি অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। এবার এই অ্যাপ্লিকেশনের ১ কপি নিজের কাছে রেখে দেবেন। আরেক কপির সঙ্গে যাবতীয় প্রমাণ পত্রের মূল ও প্রত্যয়িত নকল আর ২০ কপি পাশপোর্ট মাপের ফটো নিয়ে প্রার্থী বাছাই পরীক্ষার সময় যেতে হবে। কোনো দরখাস্ত ডাকে পাঠাতে হবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না।
## চাকরি পাবেই। গড় মাইনে-১৭০০০ টাকা

**HOTEL, HOSPITALITY & TOURISM MANAGEMENT COURSES**

# BNG Hotel Management Institute

® THSC অনুমোদিত, BSS Affiliated হোটেল ম্যানেজমেন্টের কোর্স

**কোর্সের প্রথম দিন থেকেই ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিং নিয়ে আয়ের সুযোগ**

**এখান থেকে পড়ে সবাই চাকরি পায়। কেন?**

**ইন্টারন্যাশনাল প্লেসমেন্ট**
দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি

- কোর্স করতে করতেই ৫,০০০/- থেকে ১০,০০০/- টাকা আয়ের সুযোগ
- ইন্ডাস্ট্রির সেরা প্র্যাকটিক্যাল ল্যাব
- হোটেল ম্যানেজমেন্টে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা সম্পূর্ণ ফ্যাকাল্টি
- কোর্সের প্রথম দিনেই ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয়
- ভর্তির সময় জব বন্ড লেটার
- Course Fee installment-এ দেওয়ার সুবিধা
- ছেলেমেয়েদের জন্য আলাদা হোস্টেল

**আমরা যদি এখান থেকে না পড়তাম, তাহলে আজকে হয়ত বেকার থাকতাম**




**আসন সংখ্যা সীমিত**
যোগাযোগ করুন:
9830796307
9674062259

100%* PLACEMENT ASSURED

**ব্যাঙ্ক লোনের সুবিধা**

এই কাট-আউটটি সঙ্গে আনলে স্কলারশিপ পাবেন
CODE : BNG#2025

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।
City Office : 32 Dr L.M.Bhattacharya Road, Kolkata- 700014 (Near Moulali) 10 mins from Sealdah Station
W: www.bngkolkata.com | E: admin@bngkolkata.com | P: +91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

# নার্সিং কাউন্সিলের পরীক্ষায় রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজের অনন্য নজির

সম্প্রতি ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলের (WBNC) ২০২২-২৫ শিক্ষাবর্ষের যে র‍্যাঙ্কিং বেরিয়েছে, তাতে প্রথম ও দ্বিতীয় হয়েছে রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ জেনেক্স সুপ্তেন্দু গ্রুপের লক্ষী নার্সিং ইন্সটিটিউটের ত্রিশিক শংকর সাহা (প্রথম) ও শুভাঞ্জন কায়েত (দ্বিতীয়)। এই পরিসংখ্যান থেকেই বোঝা যায় প্লেসমেন্টের নিরিখে এই শিক্ষা প্রতিষ্ঠানের নাম একদম ওপরের দিকেই আছে। এই সাফল্যের রসায়ন কী? উত্তরে সংস্থার ডিরেক্টর মৌসুমী দত্ত জানালেন, "দেখুন নার্সিং এমন একটি প্রফেশনাল কোর্স, যে এটির চাহিদা ও গুরুত্ব প্রত্যেক দিন সমানে বাড়ছে। কারণ এই রাজ্যেই প্রত্যেক বছর ২০,০০০ থেকে ২৫,০০০ ট্রেন্ড নার্স লাগে। অথচ সেই তুলনায় ঠিকঠাক কলেজ থেকে পাশ করা প্রফেশনাল ট্রেন্ড নার্সের সংখ্যা এখনও অনেকটাই কম। তাই একবার নার্সিং পাশ করলে, বাড়িতে বসে চাকরি পাবেন। শুধু দরকার ঠিকঠাক জায়গা থেকে নার্সিং ট্রেনিং নেওয়া।" ঠিক কী ধরনের প্রতিষ্ঠান থেকে ট্রেনিং নিলে দেশের তথা রাজ্যের সেরা সেরা হাসপাতাল ও নার্সিংহোমে মোটা মাইনের চাকরি পাবেন? উত্তরে ডিরেক্টর জানালেন "দেখুন এই রাজ্যে হসপিটাল বেড রয়েছে প্রায় ৯৭,০০০। তার মধ্যে ১৪,০০০ সুপার স্পেশালিটি বেড। আর এই বিশাল পরিষেবা ঠিকঠাক মতো দেওয়ার জন্য প্রতিটি হাসপাতাল বা নার্সিংহোমে সারা বছর ধরে যে নিয়োগ চলে তা মূলত এই ফ্যাক্টরগুলিকে মাথায় রেখে হয় — (১) যে প্রতিষ্ঠান থেকে নার্সিং নিয়ে পড়বেন, সেটি INC ও WBNC অনুমোদিত হতে হবে। এক্ষেত্রে আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে ছেলেমেয়েরা যে সার্টিফিকেট পাবেন, তা রাজ্য সরকার (WBNC) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল স্বীকৃত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল ইন্ডাস্ট্রিয়াল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের যে সুবিধা আছে, তা আর কোথাও নেই। (৩) আমাদের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা ছেলেমেয়েদের চাকরি পেতে সাহায্য করবে। (৪) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা ছেলেমেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, ছেলেমেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) আমাদের ৩টি কলেজ তথা লক্ষ্মী নার্সিং ইন্সটিটিউট ও জেনেক্স নার্সিং ইন্সটিটিউট (ছেলেদের জন্য) আর বাসুদেব নার্সিং ইন্সটিটিউটে (মেয়েদের জন্য) যে ধরনের প্রফেশনাল ট্রেনিং ন্যূনতম কোর্স ফি'তে দেওয়া হয় তা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে ভাবাই যায় না। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের ছেলেমেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। একথা হলফ করেই বলা যায় যে উচ্চমাধ্যমিক পাশ করে নার্সিং নিয়ে কেরিয়ার তৈরি করলে যে সুনিশ্চিত চাকরি পাবেন তা অন্য কোনো প্রফেশনাল কোর্সের ক্ষেত্রে হবে না। তাই আর দেরি না করে ভরতি হওয়ার জন্য সরাসরি ফোন করুন এই হেল্প লাইন নম্বরে : 6290094671 / 9748305453. অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : Genex Suptendu Group, Sugadha (চুঁচুড়া স্টেশন থেকে ৫ মিনিটের হাঁটা পথে), Hooghly.

*অনুলিখন : দীনেশ নস্কর*

# ফ্রি-তে ট্রেনিং নিয়ে বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি চাকরি



নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান তথা Central Institute of Hotel and Hospitality Management College (CIHM) থেকে ছেলেমেয়েরা খুব সহজেই স্কলারশিপের মাধ্যমে স্পেশালাইজড ট্রেনিং নিয়ে দেশে ও বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি কাজ করতে পারবেন। সেলিব্রিটি শেফ সঞ্জীব কাপুরের হাত থেকে পাওয়া "India's most prominent food and hospitality" পুরস্কারে ভূষিত এই প্রতিষ্ঠান প্লেসমেন্টের ব্যাপারে এখন রাজ্যের অন্যতম সেরা। কারণ এখানকার প্লেসমেন্টসেল সারা বছর জুড়ে দেশ ও বিদেশের প্রথম সারির পাঁচতারা হোটেল ও ক্রুজলাইনারদের সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করে রাখে যে এখান থেকে পাশ করার পরই ছেলেমেয়েরা ২ থেকে ৩টে অফার লেটার পায়। ভরতি হওয়ার আগে সবাইকে কেরিয়ার ওরিয়েন্টেড স্পেশালাইজড কাউন্সিলিং করানো হয়। এছাড়াও আছে 'অন স্পট স্কলারশিপ'এর মাধ্যমে ভরতির সুযোগ। হোটেল ম্যানেজমেন্ট সেক্টরে কীভাবে খুব অল্প সময়ের মধ্যে ভালো প্যাকেজের চাকরি পাবেন তা জানানোর জন্য এই প্রতিষ্ঠানের স্পেশালাইজড কাউন্সিলার ও মোটিভেটরদের পাওয়া যাবে কর্মসংস্থান পত্রিকার কেরিয়ার ফেয়ারে। এই ফেয়ার হবে : (ক) ১৩ ও ১৪ জুনে কোচবিহারে, (খ) ২৮ ও ২৯ জুন বহরমপুরে, (গ) ১৮ ও ১৯ জুলাই কল্যাণীতে। এখানে যেসব কোর্স শিখিয়ে চাকরি দেওয়া হয় তা হল — (১) হসপিটালিটি ম্যানেজমেন্ট, (২) হোটেল ম্যানেজমেন্ট, (৩) হসপিটাল ম্যানেজমেন্ট, (৪) ক্রুজশিপ ম্যানেজমেন্ট, (৫) রিসেপশনিস্ট, (৬) বার ট্রেন্ডিং, (৭) ফুড এন্ড বেভারেজ সার্ভিস, (৮) কুলিনারী আর্টস, (৯) হাউস কিপিং, (১০) অ্যাভিয়েশন, (১১) এয়ারপোর্ট। ওপরের সব কোর্সই ন্যাশনাল কাউন্সিল VTE দ্বারা স্বীকৃত। এখান থেকে ছেলেমেয়েরা বিনা খরচে কোর্স করে নিজের রোজগারে পড়াশুনা করার পর, সরাসরি বিদেশে নামিদামি হোটেলে চাকরির মাধ্যমে নিজেদের ভবিষ্যৎ সুরক্ষিত করছে। প্রতিটি কোর্সেই ভর্তি প্রায় শেষের দিকে। তাই এই ধরনের চাকরিমুখী প্রফেশনাল কোর্সে ভর্তির ব্যাপারে বিশদ জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে — 9163453155, 8013990366, 9903693345. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস।

# বিনা খরচে তপশিলী জাতি মহিলাদের নার্সিং ট্রেনিং

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের পরিচালনায় বিনা খরচে তপশিলী জাতি মহিলাদের জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট - হেল্‌থ কেয়ার করানো হচ্ছে। ৪ মাসের অনাবাসিক প্রশিক্ষণ। যোগ্যতা : মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩,০০,০০০/-টাকার মধ্যে। ট্রেনিং শেষে সার্টিফিকেট ও কর্মসংস্থানে সহায়তা করা হবে। প্রকল্প রূপায়ণে আছে 'এন.সি.এস.এম'। প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল : (১) চন্দ্রকোনা (মেদিনীপুর) : ৮৫০৯৩৭৮১৬৩, (২) করিমপুর (নদিয়া) : ৯৬৪৭৪৯৫৭৮১, (৩) সালতোড়া (বাঁকুড়া) : ৯০৯৩৭৭৫৫৬৭, (৪) উত্তর শ্রীরামপুর (পূর্ব বর্ধমান) : ৬২৯৭২২০৮১৩, (৫) ফালাকাটা (আলিপুরদুয়ার) : ৯৭৭৫১৪১২২২, (৬) বহরমপুর (মুর্শিদাবাদ) : ৯৪৩৪৬৬৬৪৪৪, (৭) রঘুনাথপুর (পুরুলিয়া) : ৮১০১৫৬৫৯৯৩, (৮) পুরুলিয়া টাউন : ৯৬৪১৪০৭৯৫১, (৯) জিয়াগঞ্জ (মুর্শিদাবাদ) : ৯১৫৩২৬৯৫৩০, (১০) আলিপুরদুয়ার টাউন : ৯৭৭৫১৪১২২২, (১১) বালুরঘাট (দক্ষিণ দিনাজপুর) : ৮৯৬০৭৬২৯৫৭, (১২) শান্তিপুর (নদিয়া) : ৯৮০০২০৫৪৬৬।

# ৬০ ডেপুটি ম্যানেজার

১ পাতার পর

বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ৬০টি (জেনাঃ ২৭, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৭)। শুরুতে ১ বছরের প্রবেশন। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। প্রার্থী বাছাই হবে ২০২৫ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে আর ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে। দরখাস্ত করবেন অনলাইনে, ৯ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nhai.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র আর 'গেট'এর স্কোর কার্ড স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# ২৭,০২৩ ওয়েব ডিজাইনার

১ পাতার পর

থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (জানুয়ারি-মার্চ) এইক্ষেত্রে রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **Web Designer** পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **Web Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এইসব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **Web Designer.**' এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ 'ইউজার ইন্টারফেজ (UI)' (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (২) একমাত্র এখানেই ৩ মাসের ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ৮,০০০ থেকে ১০,০০০ টাকা দেওয়া হয়। (৩) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা (ক্ষেত্র বিশেষে মাসে ৩৫,০০০ টাকা থেকে ৪০,০০০ টাকা)। (৪) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Wix, Squarespace, Webflow, Adobe Dreamweaver, Adobe Illustrator এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৫) আমাদের এখানে সেরা সেরা **Web Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৬) ওয়েব ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা গ্রাফিক্স ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (৭) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (৯) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৩ থেকে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, DN-10, Sector-V, Salt Lake, 700091.

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৫০টি থেকে ৬০টি কোম্পানিতে ৩,০০০ থেকে ৪,০০০ চাকরি হয়।**

গত বছরের মতো 'এ' বছরেও

- রেলের গ্রুপ-ডি পরীক্ষায়
- ALP , NTPC পরীক্ষায়
- WBCS প্রিলি পরীক্ষায়
- কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায়

Last Minute Suggestion

'Common' পেতে

আর

সাব-ইন্সপেক্টর, SSC স্টেনো ও MTS, জেলা আদালত, IBPS সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন

সাফল্য

সাফল্য সাধারণ জ্ঞান

হেল্প লাইন : 6291684943

চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন

## রাজ্য জুড়ে বিনা খরচে NCSM Foundation পার্টনারশিপ নিচ্ছে

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : NCSM Foundation সারা রাজ্য জুড়ে পার্টনারশিপ / ট্রেনিং সেন্টার গড়ে তোলার জন্য আবেদনপত্র গ্রহণ করছে। যে কোনো কম্পিউটার সেন্টার বা, স্কিল ট্রেনিং সেন্টার বা, কোনো প্রতিষ্ঠান বা, নতুন উদ্যোক্তাগণ আবেদন করতে পারেন। NCSM Foundation-এর সহযোগী হলে প্রতি বছর ১০০ ছাত্রছাত্রী ভর্তি নিশ্চিত পাবেন। NCSM Foundation-এর হেড অফিস থেকে কোর্স ফী দেওয়া হবে।

কেন্দ্রীয় সরকার স্বীকৃত কোর্স পড়ানো হয়। তার মধ্যে আছে ইলেক্ট্রিশিয়ান, বিউটিশিয়ান ও হেল্‌থ কেয়ার ট্রেনিং, 'NEET / JEE, এবং বিভিন্ন সরকারি / PSU পরীক্ষার কোচিং। পরিকল্পিত গুণগত মানের ওপর প্রতিটি জেলা হেড কোয়ার্টারে শুধুমাত্র একটি কেন্দ্রকে অনুমোদন দেওয়া হবে। পার্টনারশিপের জন্য কোনো ফী লাগবে না। আবেদন করতে হবে ২৭ মে'র মধ্যে।

আবেদনপত্র পাঠাতে হোয়াটসঅ্যাপ করুন এই নম্বরে : 9434666543.

বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট : www.ncsmfoundation.co.in / www.ncsm.co.in

সরকার স্বীকৃত
নার্সিং ট্রেনিং
করে কেউ বসে থাকে না
যোগ্যতা : মাধ্যমিক / উঃ মাধ্যমিক
GNM (3 Years, INC)
বিশেষ করে ছেলেদের জন্য এখন প্রচুর চাহিদা, সঙ্গে সঙ্গে চাকরি
PARAMEDICAL
(2 Years (Govt. of India)
কম খরচ / কোর্স শেষে নিশ্চিত চাকরি
শুধুমাত্র মাধ্যমিক পাশ ছেলে মেয়েদের জন্য
BSS Practical Nursing
(2 Years (Govt. of India)
APOLLO CARE INSTITUTE
(Affiliated by BSS, Ministry of HRD, Govt. of India)
20/1 Ballygunge Station Rd., Kol-19
62895 89832, 87774 01534
ছেলে/মেয়ে উভয়েই আবেদনের যোগ্য

Techno Speciality Media Pvt.Ltd.
সন্তোষপুর (যাদবপুর), কলকাতা- ৭০০০৭৫
Admission Open for Session 2025
অ্যানিমেশন VFX
সিনেমার সাথে যুক্ত হয়ে হাতে-কলমে কাজ শিখে প্রতিষ্ঠিত হোন
Placement Guaranteed
যোগ্যতা : ন্যূনতম উচ্চ মাধ্যমিক পাশ ও স্নাতক
Bachelor in Animation & VFX
8274994192, 9046567905, 9038820925
www.teksm.com



## CIPETএ বিভিন্ন প্লাস্টিক্স কোর্সে ভর্তি

কেন্দ্রীয় সরকারের রাসায়নিক ও সার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং টেকনোলজি(CIPET) ৪টি প্লাস্টিক্স টেকনোলজির কোর্সে ভর্তি নিচ্ছে। কোর্সের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল: (১) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি, যোগ্যতা : মাধ্যমিক, মেয়াদ : ৩ বছর (২) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি, যোগ্যতা ও মেয়াদ আগের মতো। (৩) পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং, যোগ্যতা : বিজ্ঞান শাখার ৩ বছরের ডিগ্রি কোর্স পাশ, মেয়াদ : দু বছর। (৪) পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড ডিজাইন উইথ CAD/ CAM, যোগ্যতা : মেকানিক্যাল/ প্লাস্টিক্স/ পলিমার/ টুল/ টুল অ্যান্ড ডাই মেকিং/ প্রোডাকশন/ মেকাট্রনিক্স/ অটোমোবাইল / পেট্রোকেমিক্যালস/ ইন্ডাস্ট্রিয়াল/ ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ বা DPMT/DPT বা সমতুল কোর্স পাশ। মেয়াদ: দেড় বছর। বয়সের কোনো কড়াকড়ি নেই। ছেলে ও মেয়েদের থাকার জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। যারা ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথামেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করবে অথবা যেকোনো শাখায় আই টি আই পাশ ছেলেমেয়েরা (উচ্চমাধ্যমিকে ওপরের ৩টি বিষয়ও থাকতে হবে) ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে DPT (ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি) বা DPMT (ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি)এর দ্বিতীয় বর্ষে সরাসরি ভর্তি হতে পারেন। আসন সংখ্যা সীমিত। যারা ফাইনাল পরীক্ষা দিয়েছেন তারাও যোগ্য। কোর্স শেষে প্লেসমেন্টের সাহায্য করা হয়। CIPET ADMISSION TEST–2025এর মাধ্যমে ভর্তি নেওয়া হবে। অনলাইন আবেদনের শেষদিন ২৯ মে। সিপেট পরীক্ষার দিন ৮ জুন আর সব কোর্স শুরু হবে ১৪ জুলাই থেকে। সুফলদের প্লেসমেন্টে সাহায্য করা হয়। অনলাইনে আবেদন করতে হবে এই লিঙ্কে: https://cipet25.onlineregistrationform.org/CIPET/ ফোন: 9002132328, 9749042189, 8777857096, 9836628455, 8917243435. Website: www.cipet.gov.in

ADMISSION OPEN - 2025 | ভর্তি চলিতেছে - ২০২৫
CHINSURAH COLLEGE OF EDUCATION (A COMPOSITE UNIT)
Recognized by : NCTE (Govt. of India) & Affiliated to : BSAEU & WBBPE (Govt. of W.B.)
B.ED 2 YEARS | D.EL.ED 2 YEARS
www.chinsurahcollegeofeducation.org
+91 93304 12319
CHINSURAH PRIVATE ITI
Approved by NCVT (Govt. of India), DGET & DIT (Govt. of W.B.)
ELECTRICIAN 2 YEARS | FITTER 2 YEARS | SOLAR TECHNICIAN 1 YEAR
SMARTPHONE TECHNICIAN CUM APP TESTER* 6 MONTHS
www.chinsurahiti.org +91 93303 28732
CHINSURAH NURSING INSTITUTE
Recognized by : Swasthya Bhawan, Govt. of West Bengal & Affiliated to : WBNC & INC (Govt. of India)
GNM NURSING (3 YEARS) (FEMALE)
www.cni.org.in
+91 75508 80866
CHINSURAH PHARMACEUTICAL INSTITUTE OF SCIENCE*
Affiliated to : WBSCTVESD & PCI
D. PHARM 2 YEARS
www.cpis.org.in
+91 75508 80866
CHINSURAH PARAMEDICAL INSTITUTE*
Recognized by : Swasthya Bhawan, Govt. of West Bengal & Affiliated to : WBUHS
BHA (3 YEARS) B.SC. OTT (3 YEARS) BMLT (3 YEARS) B.SC. CCT (3 YEARS) | B.SC. RIT (4 YEARS)
www.cpi.org.in +91 75508 80866 | 62901 91249
State of Art Infrastructure
Hostel Facility
Placement Assistance
Student Credit Card
For more information :
Call / WhatsApp :
9732552726
9433535299 | 9674238947
Jagannathbati, Chinsurah Station Road (West), Near PHE Water Tank, P.O.- Sugandhya, P.S.- Polba, Dist.- Hooghly, WB-712102
N.B.: * Upcoming in 2025



কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ —
✆: 9830795430

## ১,২৫০ কুক ও শেফ

১ পাতার পর

যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদনের যোগ্য। কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ণের একটি সার্ভে রিপোর্টে দেখা গেছে, উচ্চমাধ্যমিক পাশের পর সবচেয়ে বেশি যে সেক্টরে লোক নিয়োগ হয়, সেটি হল হোটেল ও ট্যুরিজম সেক্টর। কারণ, প্রতি মাসে সারা দেশে ৩০ থেকে ৪০টি নতুন হোটেল তৈরি হচ্ছে। অর্থাৎ এই সেক্টরে সারা দেশে প্রতি ৩ মাসে ৫০ থেকে ৬০ হাজার নিয়োগ হয়। এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে? রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল এর উত্তরে জানালেন, "দেখুন, আমাদের দেশের সবচেয়ে গ্রোয়িং সেক্টর হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট। এই সেক্টরে প্রত্যেক ৩ মাস অন্তর সবচেয়ে বেশি, যে পদে ছেলেমেয়ের প্রয়োজন হয় — সেটি হল 'শেফ' ও 'কুক'। আর এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য চাই স্পেশালাইজড ট্রেনিং। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদে আবেদনের যোগ্য। সঙ্গে চাই ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশালাইজড প্রফেশনাল ট্রেনিং।" চাকরি পেতে গেলে, কোথা থেকে ঠিক কী ধরনের ট্রেনিং দরকার? উত্তরে প্রিন্সিপ্যাল জানালেন, "এই ব্যাপারে BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট রাজ্যের মধ্যে সবচেয়ে উপযোগী। কারণ এটি এমন একটি প্রতিষ্ঠান যেখানে অ্যাডমিশনের প্রথম দিন থেকেই ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিংয়ের (৬ মাস থেকে ১ বছরের) মাধ্যমে আয় করে। এখান থেকে পড়ে সবাই চাকরি পায়।" কীভাবে? উত্তরে কলেজের চেয়ারম্যান জানালেন যে, "আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না। চাকরি পাবেই। কারণ :(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রির সেরা প্র্যাক্টিক্যাল ল্যাব, (২) হোটেল ম্যানেজমেন্টে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টি, (৩) কোর্সের প্রথম দিনেই এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয় যাতে অন জব ট্রেনিং (OJT) এমন ভাবে হয় যে, সেখান থেকেই তারা সরাসরি চাকরির অফার পেয়ে যায়, (৪) প্রত্যেকটি কোর্সের ক্ষেত্রে ভরতির সময় জব বন্ড লেটার আবশ্যিক, (৫) কোর্স শুরুর ১ সপ্তাহের মধ্যে কলকাতার সেরা সেরা পাঁচতারা হোটেলে এখানকার ছেলেমেয়েরা ইন্টার্নশিপ করে। এই সময় স্টাইপেন্ড হিসাবে মাসে ৫,০০০ থেকে ১০,০০০ টাকা পাওয়া যায়। (৬) ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল হোটেলিয়ারদের সাথে কাস্টমাইজড ইন্ডাস্ট্রিয়াল ব্রিজিং যাতে এখানকার ছেলেমেয়েরা মুম্বই, পুনে, ব্যাঙ্গালোর, ম্যাঙ্গালোর, হায়দরাবাদ, কলকাতা সহ গ্রেড-এ শহরের সেরা হোটেল ব্র্যান্ডে খুব সহজেই প্লেসড হতে পারে। দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি দেশে ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য আলাদা সেল, (৭) এখান থেকে পাশ করে শুরুতেই মাইনে হয় বছরে ২,১০,০০০ টাকা থেকে ২,২০,০০০ টাকা পর্যন্ত — যা এই সেক্টরে অত্যন্ত বিরল। (৮) সমাজে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের সহজ কিস্তিতে কোর্স ফি দেওয়ার সুবিধা, (৯) গ্যারান্টার ছাড়া ব্যাঙ্ক লোনের সুবিধা। এছাড়াও স্কলারশিপের ব্যবস্থাও আছে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে চুপচাপ ঘরে বসে না থেকে, দেশের সেরা সেরা হোটেলে বিভিন্ন পদে চাকরি পেয়ে নিজেদের ভবিষ্যৎ নিজের হাতে গড়ার ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 8777468438 / 9674062259 অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, কলকাতা।

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ১১ মাসের মধ্যে বছরে ২,১০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি ৬ মাসে এই সেক্টরে কলকাতায় ৫,০০০ থেকে ৬,০০০ চাকরি হয়।**

### পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত

## ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

**উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য**

**নিজস্ব সংবাদদাতা :** এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাস এ রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভাবতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির এপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েকহাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ ছাত্র- ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুন বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881 ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

## কেন্দ্রীয় সরকারে CGL

১ পাতার পর

ফরাক্কা ব্যারেজ প্রোজেক্টে, কলকাতার ইনস্টিটিউট অফ সেরোলজিতে কাজের জন্য ক্লার্ক, হেড ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক, চার্জম্যান, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, স্টাফ কার ড্রাইভার, টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট, রিসার্চ ইনভেস্টিগেটর, জুনিয়র কম্পিউটার, মাল্টি টাস্কিং স্টাফ, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, ফিল্ড অ্যাটেন্ড্যান্ট, অফিস অ্যাটেন্ড্যান্ট, ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট, লাইব্রেরি ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট, লিগ্যাল অ্যাসিস্ট্যান্ট, ক্লিনার, ফার্টিলাইজার ইন্সপেক্টর, পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রিক ওয়েল্ডার, ফিল্ডম্যান, টেকনিক্যাল অফিসার, ফার্মাসিস্ট, লাইব্রেরিয়ান, ইনভেস্টিগেটর, অ্যাসিস্ট্যান্ট এক্সটেনশন অফিসার, ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার, স্যানিটারি ইন্সপেক্টর, টেকনিশিয়ান, সাব-ইন্সপেক্টর, হেড কনস্টেবল, জুনিয়র কম্পিউটার, এক্স-রে অ্যাসিস্ট্যান্ট-সহ ২০০টি পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে স্টাফ সিলেকশন কমিশনের ৭টি রিজিয়নের Phase - XIII/2025/Selection Posts এর মাধ্যমে। মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েরা এই পরীক্ষা দিতে পারবেন। প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড মোডের পরীক্ষা হবে ২৪ জুলাই থেকে ৪ আগস্ট পর্যন্ত। বিজ্ঞপ্তি বেরোবে ২ জুন। দরখাস্ত নেওয়া হবে২৩ জুন পর্যন্ত।

**(খ) স্টেনোগ্রাফার গ্রেড 'সি' ও 'গ্রেড 'ডি' :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'স্টেনোগ্রাফার গ্রেড-সি' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-ডি' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'ডি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৫০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'সি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হবে স্টেনোগ্রাফার গ্রেড-সি পদের বেলায় ১৮ থেকে ৩০ বছরের মধ্যে আর স্টেনোগ্রাফার গ্রেড-ডি পদের বেলায় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। '২০২৫ সালের স্টেনোগ্রাফার (গ্রেড-সি ও গ্রেড-ডি) এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে ৬ আগস্ট থেকে ১১ আগস্ট। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে ৫ জুন। দরখাস্ত নেওয়া হবে ২৬ জুন পর্যন্ত।

**(গ) কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল :** কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট/অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার/ এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ কিংবা ৩০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Graduate Level Examination, 2025'এর মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ২টি ধাপে। প্রথম ধাপ (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ১৩ আগস্ট থেকে ৩০ আগস্ট। এই পদের বিজ্ঞপ্তি বেরোবে ৯ জুন। দরখাস্ত নেওয়া হবে ৪ জুলাই পর্যন্ত।

**(ঘ) সেন্ট্রাল আর্মড পুলিশ ও দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর :** সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে (সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ ও সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সশস্ত্র সীমা বল) 'সাব-ইন্সপেক্টর' আর দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর (এক্সিকিউটিভ) পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। তবে দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর পদের বেলায় মোটর সাইকেল ও মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স (এল.এম.ভি) থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment of Sub-Inspector in Delhi Police and Central Armed Police Forces Examination, 2025' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ১ সেপ্টেম্বর থেকে ৬ সেপ্টেম্বর পর্যন্ত। বিজ্ঞপ্তি বেরোবে ১৬ জুন। দরখাস্ত নেওয়া হবে ৭ জুলাই পর্যন্ত।

**(ঙ) কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক/জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' ও 'ডাটা এন্ট্রি অপারেটর', ডাক বিভাগের পোস্টাল অ্যাসিস্ট্যান্ট-সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে ছেলেমেয়ে নেওয়া হবে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে কিংবা প্রতি ঘন্টায় ৮,০০০/১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশান কমিশন। 'Combined Higher Secondary Level (10+2) Level Examination, 2025' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ৮ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে ২৩ জুন। দরখাস্ত নেওয়া হবে ১৮ জুলাই পর্যন্ত।

**(চ) মাল্টি টাস্কিং স্টাফ (এম.টি.এস.) :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' ও 'হাবলদার' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা দুই পদের জন্যই আবেদন করতে পারেন। হাবলদার পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি, বুকের ছাতি অন্তত ৮১ সেমি (অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে)। মেয়েদের ক্ষেত্রে লম্বায় অন্তত ১৫২ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

বয়স হতে হবে — মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার (সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সের রেভেনিউ বিভাগের জন্য) ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। হাবলদার (সেন্ট্রাল বোর্ড অফ ইনডায়রেক্ট ট্যাক্স অ্যান্ড কাস্টমসের রেভেনিউ বিভাগের জন্য) আর মাল্টি টাস্কিং স্টাফ-এর কিছু পদের জন্য ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Multi Tasking (Non -Technical) Staff and Havaldar (CBIC & CBN) Examination, 2025' পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন (কম্পিউটার বেসড টেস্ট) পরীক্ষা হবে ২০ সেপ্টেম্বর থেকে ২৪ অক্টোবর। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে ২৬ জুন। দরখাস্ত নেওয়া হবে ২৪ জুলাই পর্যন্ত।

**(ছ) জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) :** সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, সেন্ট্রাল ওয়াটার কমিশন ও ফারাক্কা ব্যারেজে কাজের জন্য 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্র্যাক্ট)' পদে ছেলেমেয়ে নেওয়া হবে। সিভিল, ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সি.পি.ডব্লু.ডি.'র 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'স্টাফ সিলেকশন কমিশন'। ২০২৫ সালের 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অবজেক্টিভ টাইপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ২৭ অক্টোবর থেকে ৩১ অক্টোবর। বিজ্ঞপ্তি বেরোবে ৩০ জুন। দরখাস্ত নেওয়া হবে ২১ জুলাই পর্যন্ত।

**(জ) দিল্লি পুলিশের কনস্টেবল (ড্রাইভার) :** দিল্লি পুলিশ 'কনস্টেবল (এক্সিকিউটিভ)' পদে ছেলে নেবে। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদন করতে পারবেন। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা যোগ্য। ছেলেদের বেলায় মোটর সাইকেল বা, মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। লার্নার্স লাইসেন্স থাকলে যোগ্য নন। এন.সি.সি. পাশ হলে বাড়তি যোগ্যতা হিসাবে ধরা হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (Driver) Male in Delhi Police Examination-2025'র মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে, নভেম্বর-ডিসেম্বরে। বিজ্ঞপ্তি বেরোবে জুলাই-সেপ্টেম্বরে। দরখাস্ত নেওয়ার শেষ তারিখ সেপ্টেম্বরে।

**(ঝ) দিল্লি পুলিশের হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Head Constable (Ministrial) in Delhi Police Examination-2025'র মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে, নভেম্বর-ডিসেম্বরে। বিজ্ঞপ্তি বেরোবে জুলাই থেকে সেপ্টেম্বরে। দরখাস্ত করার শেষ তারিখ থেকে সেপ্টেম্বরে।

**(ঞ) হেড কনস্টেবল (অ্যাসিস্ট্যান্ট ওয়্যারলেস অপারেটর / টেলি প্রিন্টার অপারেটর) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা যোগ্য। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Head Constable (Assistant Wireless Operator/ Tele Printer Operator) in Delhi Police Examination-2025'র মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে, নভেম্বর-ডিসেম্বরে। বিজ্ঞপ্তি বেরোবে জুলাই থেকে সেপ্টেম্বরে। দরখাস্ত করার শেষ তারিখ সেপ্টেম্বরে।

**(ট) দিল্লি পুলিশের কনস্টেবল :** দিল্লি পুলিশ 'কনস্টেবল (এক্সিকিউটিভ)' পদে ছেলেমেয়ে নেবে। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদন করতে পারবেন। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ছেলেদের বেলায় মোটর সাইকেল বা, মোটর গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। লার্নার্স লাইসেন্স থাকলে যোগ্য নন। এন.সি.সি. পাশ হলে বাড়তি যোগ্যতা হিসাবে ধরা হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (Executive) Male and Female in Delhi Police Examination -2025'র মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে, নভেম্বর-ডিসেম্বরে। বিজ্ঞপ্তি বেরোবে জুলাই থেকে সেপ্টেম্বরে। পরীক্ষা হবে সেপ্টেম্বর-অক্টোবরে।

**(ঠ) কেন্দ্রীয় আর্মড পুলিশ ও অসম রাইফেলসে কনস্টেবল (জেনারেল ডিউটি) :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ, সশস্ত্র সীমা বল ও সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স (এস.এস.এফ.)'-এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে, অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' আর নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে সেপাই পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি.। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি.।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (GD) in Central Armed Police Forces (CAPFs), SSF, Rifleman (GD) in Assam Rifles and Sepoy in Narcotics Control Bureau Examination, 2026'এর পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে ২০২৬ সালের জানুয়ারি-ফেব্রুয়ারি নাগাদ। বিজ্ঞপ্তি বেরোবে অক্টোবরে। দরখাস্ত নেওয়া হবে নভেম্বরে।

ওপরের সব পদের বেলায় সরকারিভাবে বিজ্ঞপ্তি বেরোলে তখন বিস্তারিত তথ্য যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হবে। প্রার্থীদের প্রস্তুতির জন্য এই তথ্য আগাম দেওয়া হল।

পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে

## ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স করে প্রচুর সরকারি বেসরকারি চাকরির সুযোগসহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

**উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য**

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরা ২ বছরের এই ডিপ্লোমা কোর্সটি করে ১০০% গ্যারান্টেড ও সুনিশ্চিত কেরিয়ার গড়ে তুলতে পারেন স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে বিভিন্ন হসপিটাল, নার্সিংহোম, ডায়াগনস্টিক সেন্টারে ম্যানেজমেন্ট স্টাফ হিসাবে। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরনো এবং স্বনামধন্য একটি কলেজ যার হাজার হাজার পাশ করা ছাত্রছাত্রীরা আজ কলেজ থেকে ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে চাকরি পেয়ে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্রছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজে রয়েছে অত্যাধুনিক ল্যাব, অভিজ্ঞ ও প্রাজ্ঞ সেরা প্রফেসরদের কাছে শিক্ষা লাভের সুযোগ। প্রথম সেমিস্টার থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন হসপিটাল ও স্বাস্থ্যক্ষেত্রে হাতে-কলমে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং (অন দ্য জব ট্রেনিং) যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে আছে ইন্টার্নশিপ ও কোর্স শেষে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা স্বাস্থ্যক্ষেত্রের সংস্থাতে চাকরির অ্যাপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতেই হসপিটাল ম্যানেজমেন্টে ডিপ্লোমা পাশ করা কয়েক হাজার স্কিল্ড ম্যানেজার দরকার হসপিটালগুলিতে। যা আগামী দিনে আরো কয়েক গুণ বাড়বে। তাই স্বাস্থ্যক্ষেত্রে নিজের জীবন ও সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন — গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা- ১৪৫। ফোন : 7059918186, 8981611881. ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

**প্রগতি ITI-এ ভর্তি**
**বহরমপুর ও কৃষ্ণনগরে**

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৫ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

**B.Ed.& D.El.Ed.**
কোর্সে ভর্তি চলিতেছে
**Session:2025-27**
কোর্স ফি মাত্র ৫০,০০০/-(২ বছর)
**সবুজ বি.এড. কলেজ ও সবুজ পি.টি.টি.আই.**
(NCTE অনুমোদিত ও BSAEU, WBBPE এর অধিভুক্ত)
নন্দকুমারপুর, রায়দিঘী, দঃ ২৪ পরগনা, পিন- ৭৪৩৩৪৯
যোগাযোগ : 9007032300 / 9732408129 / 8100612053

## Central Institute of Petrochemicals Engineering & Technology(CIPET-CSTS), Haldia

(Dept.of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt.of India)
City Centre, P.O. Debhog, Haldia, Dist. Purba Medinipur, West Bengal-721 657
Email: haldia@cipet.gov.in / ltc-haldia@cipet.gov.in

AICTE APPROVED

## CIPET ADMISSION TEST (CAT)-2025

EXCELLENT PLACEMENT RECORD

**Apply Online: https://cipet25.onlineregistrationform.org/CIPET/**

| Sl. No. | Name of Course | Course Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) | 3 Years | 10th Std. (Passed/Appeared) |
| 2 | Diploma in Plastics Technology (DPT) | 3 Years | 10th Std. (Passed/Appeared) |
| 3 | Post Graduate Diploma in Plastics Processing & Testing (PGD-PPT) | 2 Years | 3 Years Degree in Science (Passed/Appeared) |
| 4 | Post Diploma in Plastics Mould Design with CAD/CAM (PD-PMD with CAD/CAM) | 1.5 years | Diploma in Mechanical/ Plastics/ Polymer/ Tool/ Tool & Die Making/ Production/ Mechatronics/ Automobile/ Petrochemicals/ Industrial/ Instrumentation Engg./ Technology or DPMT/ DPT or Equivalent. |

| Important Dates | |
|---|---|
| Last date of Online Application | 29.05.2025 |
| Date of CIPET Admission Test all over India | 08.06.2025 |
| Commencement of courses | 14.07.2025 |

**CALL FOR ADMISSION:** 9002132328, 9749042189, 8777857096, 9836628455, 8917243435
ltc-haldia@cipet.gov.in
www.cipet.gov.in

For Admission →

**Direct Admission in Second Year (Lateral Entry) **contact over phone (Limited Seat)**

| Sl. No. | Name of Course | Course Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) | 2 Years | 10+2 passed (Physics, Mathematics, Chemistry). OR 10+2 ITI passed (in any discipline). OR 10+2 Vocational passed (Physics, Mathematics, Chemistry). |
| 2 | Diploma in Plastics Technology (DPT) | | |

# NETAJI SUBHAS OPEN UNIVERSITY

**ESTABLISHED BY W. B. ACT (XIX) OF 1997, Recognized by U.G.C.–DEB**
**Accredited by NAAC with 'Grade A'**
**DD-26, Sector-I, Salt Lake, Kolkata-64**

## (VOCATIONAL COURSES UNDER THE SCHOOL OF VOCATIONAL STUDIES)

## ভর্তির বিজ্ঞপ্তি

জুলাই - ২০২৫

- **Diploma in Pre-Primary Teachers' Education- Montessori (DPTE-M)** পাঠকেন্দ্র : **1.Anjali Academy of Management & Technology,** (i) Panskura, Purba Medinipur, M-9733928687/ 9733752904, (ii) Prantik, Bolpur, M-8900540289 / 9733752904, **2. Pranavananda Institute of Management & Technology** – (a) Ballygunge, M- 9331256934/9830216056, (b) Pranab Kanya Sangha, Hridaypur, M-8334079669, 9331256934, (c) Farakka, Murshidabad, M-9732593561/9331256934, (d) Khatra, Bankura, M-9851155029/8348297129, **3. Bijoy Krishna Girls' College,** Howrah, Ph. 9007559968/ 26404729, **4. Balagarh Bijoykrishna Mahavidyalaya,** Hooghly, M- 9434661614/ 8926542479, **5. Bengal Bratachari Society,** Thakurpukur, M-9433395708, **6.BKM College of Education,** Purulia, M - 9434334296/ 8918834881, **7. Dodhichi Trust,** Purba Bardhaman, M-8972084560/9647108870, **8.Gourangdi B.Ed. College,** Paschim Bardhaman, M - 9563940090/9614445474, **9. George Kids** (Bolpur, Kalyani, Haridevpur), M : 6292328243 / 9830277089, **10. Institute of Psychological and Educational Research,** Kolkata, M-7989192093 / 9831083975, **11. Maharani Kasiswari College,** Kolkata, M-9674424451/ 8910332010, **12. Nari Siksha Samity,** Paschim Medinipur, M-9433054996, 03221-255331, **13. Sarojini Naidu College,** Kolkata, Ph-2559-2583/ 2529-8439, **14. Shanti Devi Vidyaniketan,** Plassey, Nadia, M-9800202184/ 9733638357, **15. Surendralal Das Teachers' Training College** , Nischinda (Bally), Howrah, M- 6290793874, **16. Vidyasagar Foundation,** Purulia, Ph.8017208801/7866918956, **17. Vivekananda Educational Institute,** Jalpaiguri, M-8918929973/ 9735881001.
- **Advanced Diploma in Psychological Counselling,** পাঠকেন্দ্র : **1. Annapurna Society for Urban and Rural Community Development,** Birbhum, M-9476339503, **2. Institute of Psychological and Educational Research,** Lake Gardens, Kolkata, M-9831083975, **3. Nazirpur Rainbow Educational Institute,** Nazirpur, Murshidabad, M -9733070694/9434882471, **4.Surendralal Das Teachers' Training College,** Howrah, M- 6290793874, **5.Shanti Devi Vidyaniketan,** Nadia, M-9800202184 / 9733638357, **6. Shivananda Health Society,** Kolkata, M-9432012294, **7. Vivekananda Educational Institute,** Jalpaiguri, M-8918929973/ 9735881001, Ph-239300520, **8. Psychosocial Health Awareness and Welfare Organization,** Siliguri, M-7384857525 / 9647018072. **9. MM Vocational College & Research Centre,** Bamihati, P.O- Jasur, SPO- Banipur, PS- Habra, North 24 Parganas, M- 9593193327. **10. Swapna Society for Dream of Success,** Paschim Kathalbari, P.O.- Shilbarihat, Dist.- Alipurduar, M- 8617543519/6296122869, **11. Ramakrishna Vivekananda Mission,** 7, Riverside Road, Barrackpore, P.O.- Vivekananda Math, M - 9434008991. **12. Vidyasagar Teachers' Training College,** Keranitola, P.O- Midnapore, Dist- Paschim Medinipur, M - 9434663639, **13. Ruby General Hospital,** Kasba, Kolkata, M-8335804444/9831227380.
- **Advanced Diploma in Hospital Front Office Management,** পাঠকেন্দ্র : Ruby General Hospital, Kasba, Kolkata, M-8335804444/9831227380.
- **Advanced Diploma in Needle Work and Knitting,** পাঠকেন্দ্র : 1) **Arabindranagar Youth Academy,** Jalpaiguri, M-8250543330/ 9749315422, **2.Nari Siksha Samity** (Only for girls), Kolkata, **3.Nari Siksha Samity** (only for Girls), Jhargram, Paschim Medinipur, Ph-9433054996/ 03221-255331 / 03221-255137, **4.Suri Mahila Samity** (only for Girls), Suri, Birbhum, M-9476338671/9734456534, **5.Nazirpur Rainbow Educational Institute,** Nazirpur, Murshidabad, M -9733070694/9434882471.
- **Advanced Diploma in Applied Yoga & Naturopathy,** পাঠকেন্দ্র : **1. Anindya Yoga Society,** Kolkata, M- 9331092430/8017276249, **2. Pranavananda Institute of Management & Technology,** (a) Ballygunge, Kolkata, M- 9331256934/9830216056, (b) Khatra, Bankura, M-9433448969/8348297129, (c) Malda, M-9474653567/9331256934, **3.Nazirpur Rainbow Educational Institute,** Nazirpur, Murshidabad, M-9733070694/ 9434882471, **4. Anjali Academy of Management & Technology,** Panskura, Purba Medinipur, M-9733928687/ 9733752904, **5. Shivananda Health Society,** Kolkata, M-9432012294/ 9239300520, **6. Shanti Devi Vidyaniketan,** Plassey, Nadia, M-9800202184/ 9733638357, **7. Vivekananda Educational Institute, Jalpaiguri,** M-8918929973/ 9735881001. **8. MM Vocational College & Research Centre (Mukunda Murari Social Welfare Society),** Bamihati, P.O- Jasur, SPO- Banipur, PS- Habra, North 24 Pgs, M- 9593193327.
- **Diploma in Fire Safety & Security Management,** পাঠকেন্দ্র : **1. Anjali Academy of Management & Technology,** Panskura, Purba Medinipur, M- 9434453144/ 9733928687, **2.Pranavananda Institute of Management & Technology,** (a).Kolkata, M : 9331256934/9830216056, (b) Malda, M : 9474653567, (c) Khatra, M-9433448969 / 8348297129, **3.Nazirpur Rainbow Educational Institute,** Murshidabad, Nazirpur, M-9733070694/ 9434882471, **4.Vivekananda Educational Institute,** Jalpaiguri, M-8918929973/ 9735881001. **5. MM Vocational College & Research Centre (Mukunda Murari Social Welfare Society),** Bamihati, P.O- Jasur, SPO- Banipur, PS- Habra, North 24 Pgs, M- 9593193327. **6. Ramakrishna Vivekananda Mission,** 7, Riverside Road, Barrackpore, P.O.- Vivekananda Math, M - 9434008991.
- **Tailoring & Dress Designing – a. Advance Certificate, b. Advanced Diploma,** পাঠকেন্দ্র : **1. Anjali Academy of Management & Technology,** (i) Panskura, Purba Medinipur, M-9434453144/ 9733928687, (ii) Prantik, Bolpur, M-8900540289 / 9733752904, **2. Pranavananda Institute of Management & Technology,** (a) Diamond Harbour, M-9331256934/ 9836578403, (b) Pranab Kanya Sangha, Hridaypur, M-8334079669,9331256934, (c) Uttar Dinajpur, M-9382878853/ 9851068083, (d) Bardhaman, M-9679711007, (e) Malda, M-9434836786, (f) Khatra, Bankura, M-9433448969/8348297129, (g) Purulia, M-7584932680/9331256934, **3.Bengal Bratachari Society,** Thakurpukur, Kolkata, M-9433395708, **4.Nari Siksha Samity,** Kolkata, M-9433054996/ 8972736705/ 23544996, **5.Nari Siksha Samity,** Jhargram, Paschim Medinipur, Ph-9433054996 /03221-255331/ 03221-255137, **6. Al-Ameen Memorial Minority College,** Joynagar, 24Parganas (S), M-9874854960/ 9674331935, **7.Shanti Devi Vidyaniketan,** Plassey, Nadia, M-9800202184/ 9733638357, **8. Vivekananda Educational Institute,** Jalpaiguri, M-8918929973/ 9735881001, **9. MM Vocational College & Research Centre,** Jasur, Habra, M-9593193327. **10. Ramakrishna Vivekananda Mission,** 7, Riverside Road, Barrackpore, M - 9434008991.
- **Diploma/ Advanced Diploma in Visual Arts (Painting/ Applied Art/Graphic Design),** পাঠকেন্দ্র : Abesh Innovation, Ballygunge, Kolkata, Phone : 7278765945.

ভর্তির আবেদনপত্র ও ফি জমা দেওয়ার শেষ তারিখ **30.06.2025.** **Help Desk : 033-4058 5127 / 4066 3220**

**ADMISSION OPEN FOR TRAINING PROGRAMME UNDER CLL**

**বিশদে জানার জন্য ওয়েবসাইট দেখুন : www.wbnsou.ac.in**

Director (i/c), SVS

- By Order
Registrar

ব্যবসা

### কম পুঁজিতে প্রচুর লাভ

# অ্যালোভেরা যুক্ত ভেষজ স্নানের সাবান তৈরির



অনুপকুমার বসু

প্রাচীনকালে ঘৃতকুমারী পাতার মধ্যে থাকা রসালো পদার্থ দিয়ে বনেদি বাড়ির গিন্নিরা গা-হাত ও মুখের প্রসাধনী কাজ করতেন। কিন্তু ঘৃতকুমারী বা অ্যালোভেরা শহরাঞ্চলে আর না মেলায় রাসায়নিক প্রসাধনী সামগ্রীর চল বাড়ে। কিন্তু এখন সকলেই অনেক স্বাস্থ্য সচেতন হওয়ায় ভেষজ বা আয়ুর্বেদিক সামগ্রী ব্যবহারে নজর দিয়েছেন। তাই অ্যালোভেরা দিয়ে তৈরি ফেশ ওয়াশ আর সাবানের চাহিদা ক্রমশ বাড়ছে। কিন্তু অ্যালোভেরা পাওয়া খুব দুর্লভ।

তাই প্রথমে অ্যালোভেরার চাষ করে কীভাবে সম্বচ্ছর আয় করা যায়, তা নিয়েই দু'-চার কথা বলেনি। অ্যালোভেরা প্রায় ১০০ রোগ ভালো করার ক্ষমতা রাখে।

৩ বিঘে জমিতে ৩০,০০০ টাকা থেকে ৪০,০০০ টাকা খরচ করে চাষ করলে বছরে ৩-৪ লাখ টাকা আয় করা যায়। অন্যান্য ফসলের তুলনায় ২-৩ গুণ বেশি ফলন হয়। ঝক্কিও অনেক কম।

অ্যালোভেরার চাষ করতে হলে প্রথমে মাটির ডেলা ভেঙে একেবারে ঝুরো-ঝুরো করে নিতে হবে। যেকোনো মাটিই এই চাষের পক্ষে উপযুক্ত। আর যেকোনো আবহাওয়ায় চাষ করা যায়। তবে গোবর সার দিয়ে আগে মাটি তৈরি করে নিতে হবে। অন্য কোনো সার বা প্রচুর জলের যোগানেরও দরকার পড়ে না।



সাধারণত শীত পড়ার আগে অক্টোবর মাসে চারা পুঁততে হয়। এক সারি থেকে পাশের সারির মধ্যে অন্তত দেড় ফুট দূরত্ব রাখতে হবে। আর ১টা চারা থেকে অন্য চারা ১ ফুট দূরে পুঁততে হবে। ৩ বিঘে জমিতে এভাবে চারা লাগালে ১০-১২ হাজার চারা পোঁতা যায়। আর ৫-৬ মাসের মধ্যেই পুরুষ্ট গাছ হয়ে যায়। ৩ বিঘে জমিতে অন্তত ১৫-২০ টন অ্যালোভেরা পাওয়া যায়। প্রসেসিং ছাড়া একেবারে কাঁচামাল মোটামুটি ২০-৪০ টাকা কেজি দরে বিক্রি হয়। তবে দাম নির্ভর করে বিক্রির বাজার, সময় আর উৎপাদিত সামগ্রীর মানের ওপর।

অ্যালোভেরা বিক্রির বিশাল বাজার যেমন সারা ভারতে ছড়িয়ে রয়েছে, তেমন বিদেশেও এর চাহিদা বিশাল। বিশেষ করে বড়ো বড়ো ওষুধ আর কসমেটিক্স কোম্পানিতে চাহিদা রয়েছে। এরমধ্যে ডাবর, পতঞ্জলী ও রিলায়েন্সের মতো যেমন নামি কোম্পানি আছে, তেমন অনেক ছোটোখাটো কোম্পানিও আছে। এইসব কোম্পানিতে যেমন সরাসরি কাঁচামাল বিক্রি করতে পারেন, তেমন পাল্প তৈরি করে বিক্রি করতে চাইলে কসমেটিক্স কোম্পানির সঙ্গে যোগাযোগ করতে পারেন।

অ্যালোভেরা চাষের জন্য এখন কেন্দ্রীয় সরকারও সাহায্য করছে। অ্যালোভেরা চাষ করা, দেখভাল করা আর গুদামঘর তৈরির জন্য কেন্দ্রীয় সরকারের 'আয়ুষ' প্রকল্পে ২০% থেকে ৫০% অনুদান ও অন্যান্য সাহায্য পাওয়া যায়। যাদবপর বিশ্ববিদ্যালয়ের ইন্দুমতী সভাগৃহর কাছে 'আয়ুষ' এর ১টি কেন্দ্র আছে। এখানে যোগাযোগ করলে যাবতীয় তথ্য আর সহায়তা পেতে পারেন।

অ্যালোভেরা জুসেরও এখন প্রচুর চাহিদা। এছাড়া ফেসওয়াশ, হ্যান্ডওয়াশ, হ্যান্ড স্যানিটাইজার আর হ্যান্ডমেড বাথ সোপ তৈরিতেও অ্যালোভেরার ব্যাপক চাহিদা। এক্ষেত্রে নামি ব্র্যান্ড বা কোম্প্যানির পাশাপাশি স্থানীয়ভাবে তৈরি সামগ্রীরও সমান চাহিদা।

আর এই অ্যালোভেরা পাল্প বা পাউডার বিক্রির ঝক্কি না পোহাতে চাইলে নিজেই এ দিয়ে ভেষজ গায়ে মাখা সাবান বা ফেসওয়াশ তৈরি করে নিজের ব্র্যান্ড নেমেই ব্যবসা করতে পারেন। সেক্ষেত্রে ৬০ হাজার টাকা পুঁজি বিনিয়োগে করে মাসে ৩০ হাজার টাকা লাভ করতে পারেন। আর বিক্রির জন্য দোকানে-দোকানে না ঘুরে অনলাইনে ব্যবসা করলে পুঁজি আটকে পড়ারও সম্ভাবনা কম।

**কাঁচামাল :** ১০০ গ্রাম ওজনের ১০৪ পিস হাতে তৈরি অ্যালোভেরা যুক্ত ভেষজ স্নানের সাবান তৈরি করতে হলে কোন কাঁচামাল কতটা লাগবে : (১) ১০ কেজি সোপ বেস, (২) ১০০ গ্রাম অ্যালোভেরা জেল, (৩) ১৮০ গ্রাম সোডিয়াম লর‍্যাল ইথার সালফেট বা এস.এল.ই.এস, (৪) ১০ মিলি লিটার গ্লিসারিন, (৫) ৫ গ্রাম কাঁচা হলুদ, (৬) ২০ গ্রাম ফিটকিরি, (৭) ১০ পিস ভিটামিন-ই ক্যাপসুল, (৮) ১০০ গ্রাম লেমন এসেন্স বা লেবুর সুগন্ধী, (৯) ২ গ্রাম সবুজ রঙ।

**দাম :** (১) ১ কেজি সোপ বেসের দাম ১০০ টাকা, (২) ১ কেজি অ্যালোভেরা জেলের দাম ১০০ টাকা, (৩) ১ কেজি সোডিয়াম লর‍্যাল ইথার সালফেট অর্থাৎ এস.এল.ই.এস-এর দাম ৮০ টাকা, (৪) ১ কেজি গ্লিসারিনের দাম ১৫০ টাকা, (৫) ১ কেজি কাঁচা হলুদের দাম ৫০ টাকা, (৬) ১ কেজি ফিটকিরির দাম ২০ টাকা, (৭) ১ পিস ভিটামিন-ই ক্যাপসুলের দাম ৩ টাকা, (৮) ১ কেজি লেমন এসেন্সের দাম ১,২০০ টাকা, (৯) ১ কেজি সবুজ রঙের দাম ৫০০ টাকা।

**সরঞ্জাম :** কোনো মেশিনপত্র ছাড়া নিজের হাতে এই ধরনের সাবান তৈরি করতে এইসব সরঞ্জাম লাগবে : (১) ১০-২০ কেজি সামগ্রী রাখার উপযোগী ১টি স্টেনলেস স্টিলের বড়ো গামলা, (২) স্টিলের ১ টি বড়ো হাতা, (৩) স্টিলের ১টি বড়ো মগ, (৪) সিলিকন সোপ মোল্ড — সাবানের ওজন, আকৃতি আর সংখ্যা অনুযায়ী আলাদা-আলাদা পাওয়া যায়, (৫) ৮ ইঞ্চি মাপের ১টি হ্যান্ড সিলিং মেশিন, (৬) বিভিন্ন মাপের পাউচ প্যাকেট, (৭) ওজন পরিমাপের ১টি ছোটো মেশিন, (৮) সেন্ট, রঙ ও অন্যান্য তরল পদার্থ পরিমাপের জন্য ছোটো ১-২টি প্লাস্টিকের মেজারিং ক্যাপ, (৯) ১টি হট এয়ার গান মেশিন।

হ্যান্ড সিলিং মেশিনের দাম ১,০০০ টাকা থেকে ১,২০০ টাকা। ২০০০ ওয়াটের হট এয়ার গান মেশিনের দাম দেড় হাজার টাকা থেকে ২,০০০ টাকা। ১ থেকে ১০ কেজি ওজন পরিমাপের ছোটো মেশিনের দাম ৫০০ টাকা। আর ১০০ গ্রাম ওজনের সাবানের পরিমাপে ৬ পিস সাবান তৈরির সিলিকন মোল্ড বা ছাঁচের দাম ১৫০ টাকা। এইসব মেশিন ফ্লিপকার্ট বা অ্যামাজনে অনলাইনে অর্ডার করে কিনতে পারেন। তাতে দাম সস্তা পড়বে।

**১০০ গ্রাম ওজনের ১০৪ পিস সাবান তৈরি করতে কত খরচ পড়বে**

| | |
|---|---|
| ১। ১০ কেজি সোপ বেস - | ১,০০০ টাকা |
| ২। ১০০ গ্রাম অ্যালোভেরা - | ১০ টাকা |
| ৩। ৫ গ্রাম কাঁচা হলুদ- | ২ টাকা ৫০ পয়সা |
| ৪। ১০ মিলি লিটার গ্লিসারিন - | ১ টাকা ৫০ পয়সা |
| ৫। ২০ গ্রাম ফিটকিরি - | ৫০ পয়সা |
| ৬। ১০ পিস ভিটামিন-ই ক্যাপসুল - | ৩০ টাকা |
| ৭। ১৮০ গ্রাম এস.এল.ই.এস - | ১৪ টাকা ৪০ পয়সা |
| ৮। ২ গ্রাম সবুজ রঙ - | ১ টাকা |
| ৯। ১০০ গ্রাম লেমন এসেন্স - | ১২০ টাকা |
| ১০। প্লেন পাউচ প্যাকেজিং - | ১ টাকা |
| ১১। স্টিকার - | ১ টাকা |
| | ১,১৮১ টাকা ৯০ পয়সা |

একেক পিস সাবানের উৎপাদন খরচ পড়বে প্রায় সাড়ে ১১ টাকা। বিক্রি করতে পারবেন অন্তত ৪০ টাকায়। বাজারে এই অ্যালোভেরা যুক্ত গায়ে মাখা সাবানের দাম ১২০ টাকা থেকে ২৫০ টাকা। অনলাইনে বিক্রি করতে চাইলে প্রচারের ওপর বিক্রি নির্ভর করবে। এছাড়া বিক্রির জন্য কমিশনে ২-৩ জন কর্মচারী রাখলে সহজেই বাজার ধরতে পারবেন। তবে নতুন ধরনের আকর্ষণীয় প্যাকেজিং করতে পারলে বড়ো-বড়ো শপিং মল বেশি পরিমাণে কিনে নিতে পারে।

**কীভাবে তৈরি করবেন :** প্রথমে স্টেনলেস স্টিলের বড়ো গামলায় ওপরে দেওয়া পরিমাণ মতো ১০ কেজি সোপ বেস ঢেলে মৃদু আঁচে গলিয়ে নিন। তারপর এতে ওপরে দেওয়া অনুপাতে অ্যালোভেরা জেল ঢেলে ভালোভাবে মেশানোর পর রঙ মিশিয়ে স্টিলের হাতা দিয়ে ভালোভাবে নাড়ান। এরপর ওই মিশ্রণে ওপরে দেওয়া অনুপাতে এস.এল.ই.এস ঢেলে ভালোভাবে নাড়ুন।

এরপর কাঁচা হলুদ থেঁতো করে কিংবা মিক্সিতে তরল করে এই মিশ্রণে ঢালুন। ভালোভাবে মেশানোর পর ওপরে দেওয়া অনুপাতে ফিটকিরি ও গ্লিসারিন ঢেলে দিন।

এবার এই মিশ্রণে ভিটামিন-ই তেল মেশানোর জন্য গোটা দশেক ভিটামিন-ই ক্যাপসুল ভেঙে তেল ঢেলে দিন।

সবশেষে লেবুর গন্ধর জন্য ওপরে দেওয়া অনুপাতে লেমন এসেন্স ওই মিশ্রণে ঢেলে বড়ো স্টিলের হাতা দিয়ে নাড়ালেই মিশ্রণ প্রক্রিয়ার কাজ শেষ।

এবার মিশ্রণটি ছাঁকনি দিয়ে ভালোভাবে ছেঁকে নিয়ে সিলিকন সোপ মোল্ডে অর্থাৎ ছাঁচে সাবধানে ঢালতে হবে। এজন্য ওই স্টিলের বড়ো হাতা ব্যবহার করবেন।

ছাঁচে ঢালার পর অন্তত ২ ঘণ্টা ফেলে রাখলেই স্বচ্ছ সাবান তৈরি হয়ে যাবে।

এরপর ছাঁচ থেকে একে-একে সাবান বের করে পাউচ প্যাকেটে ভরে হট ব্লোয়ার গান দিয়ে স্রিঙ্ক করতে হবে, অর্থাৎ চিপকে দিতে হবে। তারপর এর ওপর নিজের ব্র্যান্ড নেমের স্টিকার চিপকে দিলেই বিক্রির জন্য সাবান একেবারে প্রস্তুত।

**মাসে ২,৬০০ পিস সাবান তৈরি করলে আয়-ব্যয়ের হিসাব**

**১। স্থায়ী ব্যয় (যা একবারই করতে হবে)**

| | |
|---|---|
| ক। মেশিন | |
| (১) ১টি হ্যান্ড সিলিং মেশিন - | ১,২০০ টাকা |
| (২) ১টি হট এয়ার গান মেশিন - | ২,০০০ টাকা |
| (৩) ১টি ওজন মাপার ছোটো মেশিন - | ৫০০ টাকা |
| (৪) ১টি সিলিকন সোপ মোল্ড - | ১৫০ টাকা |
| খ। সরঞ্জাম | |
| ১টি স্টেনলেস স্টিলের গামলা, ১টি বড়ো স্টিলের হাতা, ১টি স্টিলের বড়ো মগ ও প্লাস্টিকের মেজারিং ক্যাপ - | ১,৫০০ টাকা |
| | ৫,৩৫০ টাকা |

**২। আবর্তক ব্যয় :**

| | |
|---|---|
| ক। কাঁচামাল | |
| (১) ২৫০ কেজি সোপ বেস - | ২৫,০০০ টাকা |
| (২) আড়াই কেজি অ্যালোভেরা - | ২৫০ টাকা |
| (৩) ১২৫ গ্রাম কাঁচা হলুদ - | ৬২ টাকা ৫০ পয়সা |
| (৪) ২৫০ মিলি লিটার গ্লিসারিন - | ৩৭ টাকা ৫০ পয়সা |
| (৫) ৫০০ গ্রাম ফিটকিরি - | ১২ টাকা ৫০ পয়সা |
| (৬) ২৫০ পিস ভিটামিন-ই ক্যাপসুল - | ৭৫০ টাকা |
| (৭) ৪ কেজি ৫০০ গ্রাম এস.এল.ই. এস - | ৩৬০ টাকা |
| (৮) ৫০ গ্রাম সবুজ রঙ - | ২৫ টাকা |
| (৯) ২ কেজি ৫০০ গ্রাম লেমন এসেন্স - | ৩,০০০ টাকা |
| খ। পাউচ প্যাকেজিং - | ৩০০ টাকা |
| গ। স্টিকার - | ৩০০ টাকা |
| ঘ। ১ জন কর্মীর মাইনে - | ১৫,০০০ টাকা |
| (১) ১ জন সেলসম্যান - | ১০,০০০ টাকা |
| (ঙ) পরিবহণ ব্যয় - | ৫,০০০ টাকা |
| | ৬০,৬৯৭ টাকা ৫০ পয়সা |

**আয় :**

২,৬০০ পিস (৩৫ টাকা দরে) গায়ে মাখা সাবান বিক্রি বাবদ - ৯১,০০০ টাকা

**লাভ :** (৯১,০০০ – ৬০,৬৯৭ ) - ৩০,৩০৩ টাকা

১ লাখ টাকা পুঁজি বিনিয়োগ করে এক লপ্তে বেশি পরিমাণে কাঁচামাল কিনতে পারলে, তখন মাসে অন্তত ৬০,০০০ টাকা লাভ থাকবে। কিন্তু বিক্রির বাজার বাড়াতে না পারলে বেশি টাকা ঢালা সমীচীন নয়।

### কোথায় কী পাবেন

১। অ্যালোভেরা জেল ও সোপ বেস পাবেন এই ঠিকানায় : নুভন্যাচারালস প্রাইভেট লিমিটেড, গড়িয়া, কলকাতা। ফোন নং : ০৮০৪৭৬৪০১৮৩। এছাড়া পাবেন কলকাতার লিন্ডসে স্ট্রিটে পুরোনো নিউ মার্কেটের কাছে ৫১ নিউ মার্কেট ওল্ড ব্লকে 'নিউ মোল্লি' দোকানে আর ২৩৩/৩ এ জে সি বোস রোডে লালা লাজপৎ রাই সরণিতে তিওয়ারি সুইটস-এর কাছে 'জাস্ট ফ্লাওয়ার্স' দোকানে।

২। সোপ বেস-এর নানান ডিলার আছে কলকাতার টালিগঞ্জ এলাকায়।

৩। হ্যান্ড সিলিং মেশিন, হট এয়ার গান আর ওজন পরিমাপের ছোটো যন্ত্র পাবেন এই ঠিকানায় : শিবম ইন্ডাস্ট্রিজ, ৬৬ এজরা স্ট্রিট, কলকাতা-৭০০০০১। ফোন নং : ০৩৩-৪০৬৪ ৪৪৮৩।

৪। রঙ আর এসেন্স পাবেন কলকাতার বিবাদি বাগ এলাকায় বনফিল্ড লেন, আর্মেনিয়ান স্ট্রিট আর পর্তুগীজ চার্চ স্ট্রিটের বিভিন্ন দোকানে। এখানে ২টি ঠিকানা দিলাম : (১) কাদের বাশা, ১৭ এজরা স্ট্রিট, কলকাতা-৭০০ ০০১। ফোন নং : ৯৮৩১১ ৩০৫২৬, (২) ইন এসেন্স, ৯ নং এজরা স্ট্রিট। ফোন নং : ০৩৩-২২২৫-৪৩৭০।

৫। সোডিয়াম লর‍্যাল ইথার সালফেট, অর্থাৎ এস.এল.ই.এস পাবেন ওই বনফিল্ড লেনেরই বিভিন্ন দোকানে। এখানে ২টি ঠিকানা দিলাম : (১) হিরা এন্টারপ্রাইজ, বনফিল্ড লেন, ফোন নং : ৯৮৩১৫ ১০৬৬৩, (২) বিন্দুবাসিনী ট্রেডার্স, ২২ নং বনফিল্ড লেন, কলকাতা-১। ফোন নং : ৮৮২০০ ৭৬২৩৫।

৬। কাঁচা হলুদ, গ্লিসারিন, ফিটকিরি আর ভিটামিন-ই ক্যাপসুল স্থানীয়ভাবেই কিনতে পারেন।

৭। স্টিলের বাসনপত্র স্থানীয়ভাবে কিংবা ক্যানিং স্ট্রিটে বড়বাজার থেকে কিনতে পারেন।

৮। নিজের ব্র্যান্ড নেমে স্টিকার তৈরি করাতে পারবেন কলকাতার শিয়ালদহ স্টেশনের কাছে বৈঠকখানা বাজারে।

৯। পাউচ প্যাকেজিংয়ের পলিপ্রপিলিনের টিউব কিনতে পাবেন কলকাতার বড়বাজারে।

১০। সিলিকন সোপ মোল্ড কিনতে হলে অ্যামাজন বা ফ্লিপকার্টে অর্ডার করলে সস্তায় পছন্দসই ছাঁদ বেছে নিতে পারেন। এছাড়া পাবেন সল্টলেকের 'বিটল ক্র্যাফট'এ আর বরানগরে 'নেক্সট জেন ট্রেডার্স'এ। আরো বিস্তারিত জানতে ও আনুষঙ্গিক সহযোগিতা পেতে হলে হোয়াটসঅ্যাপে টেক্সট মেসেজ পাঠাতে পারেন এই নম্বরে : ৯১৬৩৫ ৬৩৯২৮। এছাড়া কোনো জিজ্ঞাসা থাকলে হোয়াটসঅ্যাপে টেক্সট মেসেজ পাঠাবেন এই নম্বরে : ৬২৯১৬ ৮৪৯৪৩।

## কেন্দ্রীয় সংস্থায় ৮৮ অ্যাপ্রেন্টিস

নিজস্ব প্রতিনিধি, বেঙ্গালুরু : প্রতিরক্ষা মন্ত্রকের ডি.আর.ডি.ও.'র অধীন ইলেক্ট্রনিক্স অ্যান্ড র‍্যাডার ডেভেলপমেন্ট এস্ট্যাবলিশমেন্ট 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস', 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' পদে ৮৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ১০টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি ১০টি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ৫টি, ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৩টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** বি.কম., বি.বি.এ., বি.সি.এ., বি.এসসি. (কেমিস্ট্রি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স, অঙ্ক, ফিজিক্স, পি.সি.এম.), লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : বি.কম /বি.বি.এ. ১০টি, বি.এসসি. ১০টি, বি.সি.এ. ৫টি, লাইব্রেরি সায়েন্স ৫টি।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস :** ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৮টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি ৮টি, মেকানিক্যাল / অটোমোবাইল / প্রোডাকশন ৮টি, ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৪টি, সিভিল ২টি।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ২৫-৫-২০২৫'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ২০২৩ বা, তারপর পাশ হতে হবে। ১ বছরের ট্রেনিং। এই পদের বিজ্ঞপ্তি নং : LRDE / APP-TRG/2025-26/NATS-1.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়ার নম্বর দেখে / লিখিত পরীক্ষা / ইন্টারভিউয়ের মাধ্যমে।

আগ্রহী প্রার্থীদের প্রথমে 'ন্যাটস' পোর্টালে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ২৫ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in, www.apprenticeshipindia.org আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.rac.gov.in

Web skitters
ACADEMY
A National Award Winning Company

উচ্চমাধ্যমিক আর গ্র্যাজুয়েশন পাশ করে বসে আছেন?
কিন্তু এখনো চাকরি নেই?

Webskitters Academy
আছে আপনার পাশে

যোগাযোগ:
7595880134




Only national award-winning company



- Web Development
- Web Design
- Mobile App Development
- UI/UX Design With Graphics
- Digital Marketing

HIGHEST PACKAGE ₹32 LAKHS PER ANNUM

Average Package ₹8-12 LPA

এবার চাকরি হবে সবার..!!

100% Placement Record



আমাদের ছাত্রছাত্রীরা Placement পেয়েছে

Capgemini, accenture, DELL, IBM, Shyam Steel, Wipro, Infosys, Tata Steel, Tech Mahindra



250+ JOB PLACEMENTS IN LAST 3 MONTHS

- কোর্স করলেই দেশে বিদেশে চাকরি
- ভর্তির সময় job commitment letter
- Digital Classrooms
- 0% interest EMI সুবিধা সহ Course Fees
- Free Kits and Uniform
- Fully AC campus

IT/Non-IT background সকলের জন্যে কোর্স উপলব্ধ

www.webskittersacademy.in

গত সপ্তাহের পর

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

**১৫ মার্চ** : অসমের দেরগাঁওয়ে, লাচিত বরফুকান পুলিশ আকাদেমি'র উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এই গুরুত্বপূর্ণ পদক্ষেপের লক্ষ্য হল, পুরো উত্তর-পূর্ব অঞ্চলে পুলিশি ব্যবস্থাকে শক্তিশালী করে তোলা ও আকাদেমিটিকে একটি শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠিত করা। আকাদেমিটির নামকরণ করা হয়েছে অসমিয়া যোদ্ধা লাচিত বরফুকানের নামে, যিনি মোগলদের পরাজিত করেছিলেন। অত্যাধুনিক সুযোগ-সুবিধা দিয়ে সজ্জিত, এই আকাদেমিটি একটি শীর্ষস্থানীয় পুলিশ প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে কাজ করবে। আকাদেমির প্রথম পর্যায় তৈরিতে খরচ হয়েছে ১৬৭ কোটি টাকা, যার ৩টি পর্যায়ে মোট ১,০৫০ কোটি টাকা বিনিয়োগের পরিকল্পনা নেওয়া হয়েছে।



**এবছর নরওয়ের 'হলবার্গ পুরস্কার' পাচ্ছেন বাঙালি পণ্ডিত তথা অধ্যাপিকা গায়ত্রী চক্রবর্তী স্পিভাক। সাহিত্যের তত্ত্ব ও দার্শনিক চিন্তায় বিপ্লবী অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পাচ্ছেন তিনি। এই পুরস্কারটি আর্টস ও হিউম্যানিটিজের নোবেল পুরস্কার হিসাবেও পরিচিত। মানবিক ও সামাজিক বিজ্ঞানের ক্ষেত্রে সবথেকে মর্যাদাপূর্ণ এই পুরস্কারের মূল্য ৫,১৫,০০০ ইউরো (৪.৬ কোটি টাকা)। ৫ জুন, নরওয়ের 'বেরজেন বিশ্ববিদ্যালয়'এ এক অনুষ্ঠানে সে দেশের যুবরাজ হাকোন তাঁর হাতে এই পুরস্কার তুলে দেবেন।**

**১৬ মার্চ** : এবছর 'শান্তি ও স্থায়িত্বের জন্য গোল্ড মার্কারি আন্তর্জাতিক পুরস্কার' পেলেন ১৪ তম দালাই লামা তেনজিন গ্যাটসো। শান্তি, করুণা, শিক্ষা ও মানবাধিকারের প্রতি তাঁর আজীবন প্রতিশ্রুতির স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। হিমাচল প্রদেশের ধর্মশালায় ম্যাকলিওডগঞ্জে তাঁর বাসভবনে এই পুরস্কার দেওয়া হয়। 'গোল্ড মার্কারি ইন্টারন্যাশনাল'এর প্রেসিডেন্ট ও সেক্রেটারি জেনারেল নিকোলাস ডি সান্টিস তাঁকে এই পুরস্কার দিয়েছেন।

❑ দেশ জুড়ে হকির প্রচার ও সম্প্রচারের ক্ষেত্রে অক্লান্ত প্রচেষ্টার জন্য, ২০২৪ সালের 'হকি ইন্ডিয়া জমন লাল শর্মা পুরস্কার' পেল 'প্রসার ভারতী'। নয়া দিল্লিতে, হকি ইন্ডিয়ার সপ্তম বার্ষিক পুরস্কার অনুষ্ঠানে তাদের এই পুরস্কার দেওয়া হয়েছে। এছাড়াও, এই অনুষ্ঠানে ১৯৭৫ সালের বিশ্বকাপজয়ী দলের সদস্যদের 'হকি ইন্ডিয়া মেজর ধ্যানচাঁদ জীবনকৃতি সম্মান' ও ৫০ লাখ টাকা নগদ অর্থ প্রদান করে 'হকি ইন্ডিয়া'। এছাড়াও, ২০২৪ সালের বর্ষসেরা খেলোয়াড়ের স্বীকৃতি হিসাবে 'বলবীর সিং সিনিয়র পুরস্কার' পেলেন সবিতা পুনিয়া ও হরমনপ্রীত সিং।

### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

❑ যৌথভাবে মরিশাসের রেডুইটে, 'অটল বিহারী বাজপেয়ী ইনস্টিটিউট ফর পাব্লিক সার্ভিস অ্যান্ড ইনোভেশন'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মরিশাসের প্রধানমন্ত্রী নবীনচন্দ্র রামগুলাম। ভারত-মরিশাস উন্নয়ন অংশীদারিত্বের আওতায় বাস্তবায়িত, এই যুগান্তকারী প্রকল্পটি মরিশাসে সক্ষমতা বৃদ্ধির প্রতি ভারতের প্রতিশ্রুতিকে তুলে ধরে। ২০১৭ সালের চুক্তির অধীনে, ৪.৭৪ মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়েছে ভারত। এই ইনস্টিটিউটটি বেসামরিক কর্মচারীদের প্রশিক্ষণ, গবেষণা ও জনপ্রশাসনে উৎকর্ষতা অর্জনের জন্য কাজ করবে।

❑ হকি হরিয়ানা'কে ৪-৩ ব্যবধানে হারিয়ে, এবছর ১৫ তম 'হকি ইন্ডিয়া সিনিয়র মহিলাদের জাতীয় চ্যাম্পিয়নশিপ' জিতল হকি ঝাড়খণ্ড।

❑ দিল্লি ক্যাপিটালস'কে ৮ রানে হারিয়ে, দ্বিতীয়বারের মতো 'উইমেনস প্রিমিয়র লিগ' জিতল মুম্বই ইন্ডিয়ান্স।

❑ 'W-35 নন্থাবুরি টেনিস টুর্নামেন্ট'এ মহিলাদের ডাবলস শিরোপা জিতলেন ভারতীয় জুটি বৈদেহী চৌধুরি ও রশ্মিকা ভামিদীপতি। তাইল্যান্ডের পুনিন কোভাপিটুকটিড ও জাপানের ইউকি নাইটো জুটিকে ৬-৪ ও ৬-৩ ব্যবধানে হারিয়ে এই খেতাব জিতেছেন তাঁরা।

**১৭ মার্চ** : এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ৪ কোটিরও বেশি যাত্রী পরিবহণকারী সেরা বিমানবন্দরের জন্য, ২০২৪ সালের মর্যাদাপূর্ণ 'এয়ারপোর্ট সার্ভিস কোয়ালিটি' এয়ারপোর্ট এক্সপেরিয়েন্স পুরস্কারে ভূষিত হল 'দিল্লি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেড'। গ্রাহক সেবা ও যাত্রী অভিজ্ঞতায় উৎকর্ষতার প্রতিশ্রুতি হিসাবে, টানা সপ্তম বছর এই সম্মান পাচ্ছে বিমানবন্দরটি। প্রসঙ্গত উল্লেখ্য, এই বিমানবন্দরটি পরিচালনা করে 'জিএমআর এয়ারপোর্টস ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড'।

❑ রাজ্যে প্রবেশকারী পর্যটকদের জন্য জনপ্রতি ৫০ টাকা প্রবেশ মূল্য আরোপ করল সিকিম সরকার। ১৫ মার্চ থেকে এই ব্যবস্থা কার্যকর হয়েছে। সিকিম পর্যটন বাণিজ্য নিবন্ধন বিধিমালা, ২০২৫-এর বিধান অনুসারে, এই প্রবেশ মূল্য চালু করা হয়েছে। এই প্রবেশ মূল্য রাজ্যে ৩০ দিন পর্যন্ত থাকার জন্য বৈধ থাকবে। ৫ বছরের কম বয়সি শিশু ও সরকারি কাজে রাজ্যে আসা কর্মকর্তাদের এই প্রবেশ মূল্যের আওতায় রাখা হয়নি। পর্যটকদের কাছ থেকে এই সংগৃহীত প্রবেশ মূল্য সিকিম সরকারের 'ট্যুরিজম সাসটেইনেবিলিটি ডেভেলপমেন্ট ফান্ড'এ জমা করা হবে।

❑ ১৯৪৭ সাল থেকে এখনো পর্যন্ত রাজ্য বিধানসভার বিতর্ক/কার্যক্রম অ্যাক্সেস করার জন্য নিজেদের সার্চ ইঞ্জিন চালু করল পঞ্জাব বিধানসভা। এর ফলে, পঞ্জাব বিধানসভা হল দেশের প্রথম বিধানসভা, যেখানে এই ধরনের প্রকল্প চালু করা হল। অধ্যক্ষ কুলতার সিং সান্ধওয়ান জানিয়েছেন, এই সার্চ ইঞ্জিনটি ওই বিষয়গুলি নিয়ে গবেষণা ও বিতর্ক থেকে তথ্য সংগ্রহে সহায়তা করবে। পাতিয়ালার 'পঞ্জাব বিশ্ববিদ্যালয়', আইআইআইটি হায়দরাবাদ ও CDAC নয়ডার সহযোগিতায় এই সার্চ ইঞ্জিনটি তৈরি করা হয়েছে।

❑ 'অস্ট্রেলিয়ান গ্র্যাঁ প্রি' জিতলেন 'ম্যাকলারেন'এর ল্যান্ডো নরিস।

**২০ মার্চ** : নয়াদিল্লির নতুন সংসদ ভবন থেকে 'প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম অ্যাপ' চালু করলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। এর লক্ষ্য হল, 'পিএম ইন্টার্নশিপ প্রকল্প'এ আবেদন প্রক্রিয়া সহজ করা ও প্রার্থীদের নতুন আপডেট সম্পর্কে জানানোর জন্য রিয়েল টাইম সতর্কতা দেওয়া। এই অ্যাপটিতে সহজ নেভিগেশন, আধার ফেস অথেন্টিকেশন ও সহজ ইন্টারফেস-সহ অনেক ফিচার রয়েছে, যা রেজিস্ট্রেশন প্রক্রিয়াটিকে আরও সহজ করে তোলে। প্রসঙ্গত উল্লেখ্য, কর্মসংস্থান, দক্ষতা ও সুযোগ বাড়ানোর জন্য ২০২৪-'২৫ সালের বাজেটে 'প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ প্রকল্প' ঘোষণা করা হয়। এই প্রকল্পের লক্ষ্য হল, ৫ বছরে শীর্ষ ৫০০ কোম্পানিতে এক কোটি যুবককে ইন্টার্নশিপের সুযোগ করে দেওয়া।

❑ ইতিহাস গড়ে ২০২৬ সালে ফুটবল বিশ্বকাপের যোগ্যতা অর্জন করে নিল জাপান। এশিয়ার প্রথম দল হিসাবে এই কৃতিত্ব অর্জন করল জাপান ফুটবল দল। এদিন, বাহরিন'কে ২-০ গোলে হারানোর সঙ্গে সঙ্গেই ২০২৬ সালের ফুটবল বিশ্বকাপের জন্য যোগ্যতা অর্জন করে নিল দেশটি। এই নিয়ে টানা ৮টি ফুটবল বিশ্বকাপে সরাসরি খেলার যোগ্যতা অর্জন করল দেশটি। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৬ সালে ১১ জুন থেকে শুরু হবে ফুটবল বিশ্বকাপ। মোট ৪৮টি দল বিশ্বকাপে অংশ নেবে।

**২১ মার্চ** : নামিবিয়ার প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে শপথ নিলেন নেতুম্বো নন্দী-এনদাইতওয়াহ।

**২২ মার্চ** : 'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর যুগ্ম সচিব হিসাবে নিযুক্ত হলেন অনুজ কুমার সিং।

❑ বিশ্বের প্রথম জিনগতভাবে পরিবর্তিত তুলো তৈরি করল সিএসআইআর-ন্যাশনাল বোটানিক্যাল রিসার্চ ইনস্টিটিউট, যা পুরোপুরিভাবে গোলাপি বোলওয়ার্ম প্রতিরোধী। জিনগতভাবে পরিবর্তিত তুলোকে বিটি তুলোও বলা হয়, যাকে 'ব্যাসিলাস থুরিংয়েনসিস' ব্যাকটিরিয়া থেকে একটি জিন প্রবর্তন করে তৈরি করা হয়। ২০০২ সালে ভারতে জিনগতভাবে পরিবর্তিত তুলো প্রবর্তনের পর থেকে, 'বোলগার্ড ১' ও 'বোলগার্ড ২' জাতের তুলো তৈরি করেছিল 'মনসান্টো'। কিন্তু সেগুলি গোলাপি বোলওয়ার্ম থেকে সম্পূর্ণভাবে সুরক্ষা দিতে ব্যর্থ হয়েছিল। গোলাপি বোলওয়ার্ম কৃষকদের কাছে গুলাবি সুন্ধি নামে পরিচিত, যা তুলোর বোলে লার্ভা ঢুকিয়ে তুলোর ক্ষতি করে। গোলাপি বোলওয়ার্ম বাতাস ও ফসলের অবশিষ্টাংশের মাধ্যমে ছড়িয়ে পড়ে, যা ভবিষ্যতের ফসলের ওপর প্রভাব ফেলে।

**২৩ মার্চ** : অনলাইন ট্র্যাভেল প্ল্যাটফর্ম 'গোইবিবো'র প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন ভারতীয় ক্রিকেটার ঋষভ পন্থ।

❑ 'এনআইআইটি বিশ্ববিদ্যালয়'এর নতুন চ্যান্সেলর হিসাবে নিযুক্ত হলেন অমিতাভ কান্ত।

❑ জার্মানি থেকে, এরি সিল্কের (অহিংসা সিল্ক বা শান্তি সিল্ক নামেও পরিচিত) জন্য মর্যাদাপূর্ণ 'ওইকো-টেক্স' সার্টিফিকেশন অর্জন করল 'নর্থ ইস্টার্ন হ্যান্ডিক্র্যাফটস অ্যান্ড হ্যান্ডলুমস ডেভেলপমেন্ট কর্পোরেশন'। এই 'ওইকো-টেক্স' সার্টিফিকেশন নিশ্চিত করে যে, ওই টেক্সটাইলগুলি ক্ষতিকারক পদার্থ থেকে মুক্ত ও এই সার্টিফিকেশনটি আন্তর্জাতিক বাজারে এরি সিল্কের বিশ্বব্যাপী বিপণনযোগ্যতা বাড়িয়ে তুলবে। সামিয়া সিন্থিয়া রিকিনি কৃমির মাধ্যমে উৎপাদিত এরি সিল্ক একটি প্রাকৃতিক প্রোটিন ফাইবার। কৃমিগুলি ক্যাস্টর অয়েল গাছের পাতা খায় ও এই প্রক্রিয়াটি রেশম পোকাকে মেরে ফেলে না, যার ফলে এটি এরি সিল্কে পরিণত হয়। এরি সিল্ক মূলত ভারতের উত্তর-পূর্ব অঞ্চলে পাওয়া যায়, বিশেষত আসামে। তবে মেঘালয়, নাগাল্যান্ড ও মণিপুরের মতো প্রতিবেশী রাজ্যগুলিতেও এটি পাওয়া যায়।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে, নিজেদের রাজ্য বিধানসভার কার্যবিবরণী সাংকেতিক ভাষায় সম্প্রচার করে নজির গড়ল পঞ্জাব। রাজ্যের সামাজিক নিরাপত্তা, নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী ড.বলজিৎ কৌর এই তথ্য জানিয়েছেন। এই উদ্যোগের লক্ষ্য হল, বধির প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আইনসভা সংক্রান্ত আলোচনা সহজলভ্য করে তোলা। বাজেট অধিবেশনে রাজ্যপালের ভাষণ সাংকেতিক ভাষায় সম্প্রচারিত হয়েছিল। এই উদ্যোগের নেতৃত্বে ছিল রাজ্যের সামাজিক নিরাপত্তা, নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার আইন, ২০১৬-এর ধারা ৪০'এর অধীনে এই পদক্ষেপ নিয়েছে ওই মন্ত্রক।

'আন্তর্জাতিক অলিম্পিক কমিটি'র প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন জিম্বাবোয়ের ক্রিস্টি কভেন্ট্রি।



এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

---

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ডাঃ কে. আর. অধিকারী কলেজে

## বিভিন্ন প্যারামেডিক্যাল কোর্সে ভরতি চলছে

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণী** : ২০০৩ সালে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অনুমোদন নিয়ে রাজ্যের প্রথম প্যারামেডিক্যাল কলেজ, ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজির পথ চলা শুরু। এটিই রাজ্যের প্রথম বিশ্ববিদ্যালয় স্বীকৃত প্যারামেডিক্যাল ও অ্যালায়েড হেলথ সায়েন্সেস কলেজ। এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা West Bengal Allied Medical and Paramedical Council-এ নাম নথিভুক্ত করতে পারে ও সরকার থেকে রেজিস্ট্রেশন নম্বর পায়। এই কলেজ থেকে পাশ করা ছেলেমেয়েরা বিভিন্ন কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার ও বিভিন্ন health care industry-তে ও প্রত্যেকে নিজ নিজ ক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত। এর মধ্যে উল্লেখযোগ্য সংস্থাগুলি হল — কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি বিভাগ, কল্যাণী এইমস (AIIMS), ভুবনেশ্বর এইমস (AIIMS), পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের অধীন কল্যাণীর জে.এন.এম. মেডিক্যাল কলেজ, কলকাতার এন.আর.এস. মেডিক্যাল কলেজ, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ইত্যাদি, এছাড়া বেসরকারি হাসপাতালগুলির মধ্যে অ্যাপোলো হাসপাতাল, রুবি জেনারেল হাসপাতাল, বেলভিউ ক্লিনিক, জেনিথ সুপার স্পেশালিটি হাসপাতাল, টেকনোগ্লোবাল হাসপাতাল, গ্যালাক্সি হাসপাতাল, বি.এম.আর.সি., চার্ণক হাসপাতাল, দিশা আই হাসপাতাল, রোটারী, হুগলী আই হাসপাতাল, লেন্সকার্ট, টাইটান আই প্লাস, ডাঃ লাল প্যাথল্যাব, সুশ্রুত আই হাসপাতাল ইত্যাদি।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কোর্সগুলির বিবরণ নিচে দেওয়া হল : (1) D.O.S. & O.T. (Diploma in Optometrical Science and Ophthalmic Technique), (2) D.M.L.T. (Diploma in Medical Laboratory Technique), (3) D.M.R.T. (Diploma in Medical Radiology Technique), (4) D.P.T. (Diploma in Physiotherapy Technique), (5) D.O.T.T. (Diploma in Operation Theatre Technology), (6) D.C.C.T. (Diploma in Critical Care Technology, (7) D.D.T. (Diploma in Dialysis Technology), (8) D.P.A. & E.D. (Diploma in Physician Assistant and Essential Drug), (9) D.C.E.C.G. & P.F.T. (Diploma in Electrocardiogtaphy and Pulmonary Function Test), (10) D.D.T. & O.H. (Diploma in Dental Technology and Oral Hygiene).

২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ মেয়াদের এই কোর্সগুলিতে বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক (১০+২) পাশ করা ছাত্রছাত্রীরা ভরতির জন্য বিবেচিত। যাঁরা কলা (Arts) বা, বাণিজ্য (Commerce) বিভাগে উচ্চমাধ্যমিক (H.S.) (১০ + ২) পাশ করবে তাঁরাও এই কোর্সগুলি করতে পারবে এক বছরের একটি ব্রীজ কোর্স (ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি) করার মাধ্যমে। এই ব্রীজ কোর্সের Marksheet ও Certificate-ও কল্যাণী বিশ্ববিদ্যালয় দেবে।

A.D.C.L.P. (Advance Diploma in Contact Lens Practice) এই কোর্সটির মেয়াদ ১ বছর। যাঁরা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অপ্টোমেট্রি ডিপ্লোমা বা, ডিগ্রি কোর্স পাশ করেছেন তাঁরা এই কোর্সটি করার জন্য বিবেচিত।

যেসব ছাত্রছাত্রীরা B.Sc. পাশ করেছেন অথবা প্যারামেডিক্যাল ও অ্যালায়েড হেলথ সায়েন্সেস এর ওপর ব্যাচেলর ডিগ্রি করেছেন তাঁদের জন্য কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পি.জি. ডিপ্লোমা কোর্স করারও সুযোগ রয়েছে নিচের বিষয়গুলির ওপর : (1) P.G.D.M.L.T. (Post-Graduate Diploma in Medical Laboratory Technology), (2) P.G.D.M.R.T. (Post-Graduate Diploma in Medical Radiology Technology), (3) P.G.D.O.T.T. (Post-Graduate Diploma in Operation Theatre Technology), (4) P.G.D.D.T. (Post-Graduate Diploma in Dialysis Technology), (5) P.G.D.C.C.T. (Post-Graduate Diploma in Critical Care Technology, (6) P.G.D.G.C.T. (Post-Graduate Diploma in Geriatric Care Technology, (7) P.G.D.H.A. (Post-Graduate Diploma in Hospital Administration).

এছাড়াও মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ১ বছর + ৬ মাস ইন্টার্নশিপ মেয়াদের নিচের সার্টিফিকেট কোর্সগুলিও করতে পারেন — (1) C.C.M.S. & E.D. (Certificate in Community Medical Service and Essential Drug, (2) C.B.P.N. (Certificate in Basic Practical Nursing), (3) C.S.I. (Certificate in Sanitary Inspection).

এইসব কোর্সগুলি পাশ করার পর ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলিতে ইন্টার্নশিপ করার সুযোগ পায়। এর মধ্যে উল্লেখযোগ্য কলকাতার আর.জি.কর. মেডিক্যাল কলেজ, এন.আর.এস. মেডিক্যাল কলেজ, কলকাতা মেডিক্যাল কলেজ, শম্ভুনাথ পণ্ডিত হাসপাতাল, সাগরদত্ত মেডিক্যাল কলেজ, বিদ্যাসাগর স্টেট জেনারেল হাসপাতাল, বারাসাত মেডিক্যাল কলেজ, মেদিনীপুর মেডিক্যাল কলেজ, বর্ধমান মেডিক্যাল কলেজ, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ, মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ, জে.এন.এম. মেডিক্যাল কলেজ, ব্যারাকপুর বি.এন.বোস. এস.ডি. হাসপাতাল, বাঁকুড়া মেডিক্যাল কলেজ ইত্যাদি। ভরতির জন্য যোগাযোগ করুন এই ঠিকানায় : ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজি, কল্যাণী ওয়েবেল আই.টি. পার্ক (ফেজ-২), পশ্চিমবঙ্গ সরকার, কল্যাণী, নদিয়া (কল্যাণী বুদ্ধপার্ক ও এস.পি. কার্যালয়ের কাছে), ৭৪১২৩৫। ফোন : (033) 2580 9369, মোবাইল : 9339218894, 8100149510. ওয়েবসাইট : www.kradhikarycollege.org

www.skillbangla.in

## রেলের NTPC ক্যাটেগরির

১ পাতার পর

কম্পিউটার বেসড টেস্ট হবে ৫ জুন থেকে ২৩ জুন পর্যন্ত, কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে এই ওয়েবসাইটে : www.rrbapply.gov.in

এন.টি.পি.সি. (গ্র্যাজুয়েট লেভেল) ক্যাটেগরির প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০% ও.বি.সি.'রা ৩০% তপশিলী জাতির প্রার্থীরা ৩০% তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫%নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন। মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাকা হবে।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রতিবন্ধী প্রার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবেন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষার প্রশ্ন হবে বাংলায়।

দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে স্টেশন মাস্টার পদের বেলায় কম্পিউটার বেসড স্কিল টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্টকাম টাইপিস্ট পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে টাইপিং স্কিল টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। গুডস ট্রেন ম্যানেজার, চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা হবে।

## স্কুল সার্ভিসের মাধ্যমে ৪০ হাজার

১ পাতার পর

দ্বাদশ শ্রেণি আর গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের নিয়োগবিধিতে একাধিক বদল আনতে চলেছে। এবার থেকে ও.এম.আর. শীটের কার্বন কপি পরীক্ষার্থীরা বাড়ি নিয়ে যেতে পারবেন। ও.এম.আর. সংরক্ষণের সময়সীমা ১০ বছর পর্যন্ত বাড়ানো হতে পারে। পরীক্ষা পদ্ধতিতে স্বচ্ছতা আনতে ফল প্রকাশের আগে মডেল উত্তরপত্র প্রকাশ করা হবে। ২০১৬ সালের পরীক্ষা পদ্ধতি মেনে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। স্কুল শিক্ষা দফতর সূত্রে জানানো হয়, নিয়োগ বিধি নিয়ে একটি খসড়া তৈরি হয়েছে। নবান্ন থেকে চূড়ান্ত অনুমোদন এলেই বিজ্ঞপ্তি বের করা হবে। নতুন যে বিজ্ঞপ্তি বেরোতে চলেছে, তাতে ২০১৬ সালের সব পরীক্ষার্থী যেমন পরীক্ষা দিতে পারবেন, তেমনি নতুন প্রার্থীরাও পরীক্ষা দিতে পারবেন বলে প্রাথমিক সিদ্ধান্ত হয়েছে। সেক্ষেত্রে মোট শূন্যপদ প্রায় ৪০ হাজারের কাছাকাছি হবে। এর মধ্যে নতুন শূন্যপদ প্রায় ১৮ হাজারের কাছাকাছি। তবে নবান্ন থেকেই এব্যাপারে চূড়ান্ত অনুমোদন দেওয়া হবে। স্কুল শিক্ষা দফতরের কাছে অনুমোদন এলে গেজেট নোটিফিকেশন হবে। তারপর স্কুল সার্ভিস কমিশন তার ভিত্তিতে নতুন বিজ্ঞপ্তি বের করবে। পরীক্ষা পদ্ধতিতে কিছু বদল হলেও হতে পারে। কিন্তু নতুন শূন্যপদ পূরণের জন্য নতুন প্রার্থীদের জন্য বিজ্ঞপ্তি একইসঙ্গে বেরোতে নাও পারে। অন্যদিকে, চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের বক্তব্য, তাঁরা যোগ্যতার ভিত্তিতেই চাকরি পেয়েছেন। তাই আর পরীক্ষা দেবেন না। তাঁদের চাকরি ফিরিয়ে দিতে হবে। কীভাবে তাঁদের চাকরি স্থায়ীভাবে ফেরানো হবে তা সরকারকে ঠিক করতে হবে।

## ইছাপুর মেটাল ফ্যাক্টরিতে চাকরি

ইছাপুর মেটাল অ্যান্ড স্টিল ফ্যাক্টরি শ্রম কল্যা কর্মকর্তা (এল.ডব্লু.ও.) পদে ১ জন লোক নিচ্ছে। পারিশ্রমিক মাসে ৪৫,০০০ টাকা। দরখাস্ত করার শেষ তারিখ ৩১ মে। যোগাযোগের ঠিকানা : মেটাল অ্যান্ড স্টিল ফ্যাক্টরি, ইছাপুর, পোঃ ইছাপুর-নবাবগঞ্জ, উত্তর ২৪ পরগনা।

## ইউ.পি.এস.সি.'র এন.ডি.এ. অ্যান্ড এন.এ. পরীক্ষার ফল বেরোল

ইউ.পি.এস.সি.'র ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমির ২০২৫ সালের লিখিত পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in

## পুলিশের কনস্টেবল

১ পাতার পর

পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের কাছে আর.টি.আই. করে পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার তারিখ, কোন ক্যাটেগরিতে কত দরখাস্ত জমা পড়েছে ইত্যাদি বিষয়ে জানতে চান। আর.টি.আই.'এর উত্তরে জানানো হয়, পরীক্ষা হবে সম্ভবত পুজোর আগে। দরখাস্তকারীর সংখ্যা ১০,০৩,৩৬৩ জন।

এই পদে প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। 'Recruitment to the post of Constables in West Bengal Police-2024' পরীক্ষার মাধ্যমে। মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা (PMT), শারীরিক সক্ষমতার পরীক্ষা (PET) ও ইন্টারভিউ।

৮৫ নম্বরের লিখিত পরীক্ষায় ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি-১০ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের)-২৫ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস-২৫ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে আর মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়তে হবে, রূপান্তরকামীদের বেলায় ৩ মিনিট ৩০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে। **এরপর সফল** হলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে। ইন্টারভিউয়ে জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে প্রশ্ন করা হবে। মেধা তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখা হবে। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

**দ্য ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনির্ভাসিটি অফ জুরিডিক্যাল সায়েন্সে**

## ফরেন্সিক সায়েন্স, ক্রিমিনোলজি, ডাটা সায়েন্সের মাস্টার ডিগ্রি কোর্সে ভরতি

দ্য ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুরিডিক্যাল সায়েন্সেসে ফরেন্সিক সায়েন্সের এম.এসসি., ডাটা সায়েন্স অ্যান্ড ডাটা প্রোটেকশন ল', ক্রিমিনোলজির এম.এ. / এম.এসসি আর বিভিন্ন বিষয়ের ডক্টরেট ডিগ্রি কোর্সে ভরতি শুরু হয়েছে।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ফরেন্সিক সায়েন্স, কেমিস্ট্রি, বায়োকেমিস্ট্রি, বায়োটেকনোলজি, মাইক্রোবায়োলজি, কম্পিউটার সায়েন্স, ফিজিক্স, অ্যানথ্রোপলজির বি.এসসি. বা, বি.এসসি. অনার্স কোর্স পাশরা 'ফরেন্সিক সায়েন্সে'র এম.এসসি. কোর্সে ভরতির জন্য যোগ্য।

মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে আইনের ডিগ্রি কোর্স পাশরা ডাটা সায়েন্স ও ডাটা প্রোটেকশন ল'এর ২ বছরের এলএল.এম. কোর্সে ভরতি হতে পারেন।

মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে আর্টস বা, সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা 'ক্রিমিনোলজির এম.এ./এম.এসসি.' কোর্সে ভরতির জন্য যোগ্য।

ওপরের সব কোর্সের বেলায় প্রার্থী বাছাই হবে অ্যাডমিশন টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২১ জুন। ফল বেরোবে ১৫ জুলাই। দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ মে'র মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://www.nujs.edu/home/admissions/admission-2025 যোগাযোগের ঠিকানা : The West Bengal National University of Juridical Sciences, 12 L.B. Block, Sector III, Salt Lake City, Kolkata-70 106.

## প্রতিরক্ষা সংস্থায় ১৩৫

১ পাতার পর

ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা কোনো অর্ডন্যান্স ফ্যাক্টরিতে সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ করে থাকলে আবেদন করার জন্য যোগ্য। বয়স হতে হবে ৩১-৫-২০২৫'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ১৩৫টি (জেনাঃ ৫৮, ও.বি.সি. ১৪, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ৩৬, ই.ডব্লু.এস. ৪)। ১ বছরের ট্রেনিং। যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রার্থী বাছাই হবে ট্রেড টেস্ট বা, প্র্যাক্টিক্যাল টেস্ট-এর মাধ্যমে। ট্রেড টেস্টে থাকবে ১০০ নম্বর। মেধা তালিকা তৈরির সময় আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর ও প্র্যাক্টিক্যাল টেস্টে পাওয়া নম্বর দেখা হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://munitionsindia.in/career

দরখাস্তের সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল আর নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Tenure Based CPW Personnel on Contract Basis'. দরখাস্ত পৌঁছনো চাই ৩১ মে'র মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Ordnance Factory, Itarsi, District: Narmdapuram, Madhya Pradesh, Pin-461 122.

## বিমানবাহিনীতে

১ পাতার পর

ড্রাইভার', 'হিন্দি টাইপিস্ট', 'স্টোরকীপার', 'মেস স্টাফ', মাল্টি টাস্কিং স্টাফ', 'কার্পেন্টার', 'কুক' পদে ১৫৩ জন লোক নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

**লোয়ার ডিভিশন ক্লার্ক (LDC) :** উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি বা, ম্যানুয়াল টাইপরাইটারে অন্তত ৩০টি (অনুরূপভাবে ঘন্টায় অন্তত ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকতে হবে) শব্দ তোলার গতি থাকলে যোগ্য।

**হিন্দি টাইপিস্ট :** উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি বা, হিন্দি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য।

**সিভিলিয়ন মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) :** মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। গাড়ি চালানোর কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**স্টোরকীপার :** যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। স্টোর্স বা, অ্যাকাউন্টসের কাজে দক্ষতা থাকলে ভালো হয়।

**কুক :** মাধ্যমিক পাশরা ক্যাটেরিং ট্রেডের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**হাউসকীপিং স্টাফ :** মাধ্যমিক পাশরা যোগ্য।

**পেইন্টার :** মাধ্যমিক পাশরা আই.টি. আই. থেকে পেইন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**কার্পেন্টার :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**মেস স্টাফ :** মাধ্যমিক পাশরা যোগ্য। ওয়েটার বা, ওয়াশার-আপ হিসাবে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়।

**লন্ড্রিম্যান :** মাধ্যমিক পাশরা যোগ্য। ধোপার কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**মাল্টি টাস্কিং স্টাফ (MTS) :** মাধ্যমিক পাশরা যোগ্য। ওয়াচম্যান, লস্কর, গেস্টেনার অপারেটর বা, গার্ডেনার হিসাবে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়।

**ভলকানাইজার :** মাধ্যমিক পাশরা যোগ্য। প্রাক্তন সমরকর্মীরাও যোগ্য।

ওপরের সব পদের বেলায়ই বয়স হতে হবে ১৭-৬-২০২৫'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স-৭ অনুযায়ী।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (২) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, (৩) জেনারেল ইংলিশ, (৪) জেনারেল অ্যাওয়ারনেস। সফল হলে প্র্যাক্টিক্যাল টেস্ট / ফিজিক্যাল টেস্ট / ইন্টারভিউ।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন : (১) এখনকার তোলা ও স্ব-প্রত্যয়িত করা ৪ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও আরেক কপি অ্যাকনলেজমেন্ট কার্ডে সেঁটে ও ২ কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (২) নিজের নাম-ঠিকানা লেখা ১০ টাকার ডাকটিকিট সাঁটা একটি খাম, (৩) বয়স, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৫) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন *''APPLICATION FOR THE POST OF ...... AND CATEGORY .......... AGAINST ADVERTISEMENT NO. 01/2025'..* আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.employmentnews.gov.in দরখাস্ত পৌঁছনো চাই ১৭ জুনের মধ্যে। যিনি যে এয়ার ফোর্স স্টেশনের জন্য দরখাস্ত করবেন, সেই ঠিকানায় দরখাস্ত পাঠাতে হবে।

**কোন স্টেশনে ক'টি শূন্যপদ ও দরখাস্ত পাঠানোর ঠিকানা :**

(১) Air Officer Commanding, Air Force Station Arjan Sing, Panagarh, West Bengal-713 148. শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক পদে ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ১। হিন্দি টাইপিস্ট ১টি (জেনাঃ)। কুক (ও.জি.) ১২টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। স্টোরকীপার ১৬টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস.১ )। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ২। কার্পেন্টার (এস.কে.) ৩টি (জেনাঃ)। পেইন্টার (এস.কে.) ৩টি (জেনাঃ)। মাল্টি টাস্কিং স্টাফ ৫৩টি (জেনাঃ ২৩, ও.বি.সি. ১১, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ২, প্রাঃসঃকঃ ৫। মেস স্টাফ ৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। লন্ড্রিম্যান ৩টি (জেনাঃ)। হাউসকীপিং স্টাফ ৩১টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৬, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ২। ভলকানাইজার ১ (জেনাঃ)। সিভিলিয়ন মেকানিক্যাল ট্রান্সপোর্ট ড্রাইভার (ও.জি.) ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। এই মধ্যে প্রাঃসঃকঃ ১।

(২) Air Officer Commanding, Air Force Station, Tezpur, Assam-784 104. শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক পদে ১টি (জেনাঃ প্রাঃসঃকঃ)।

(৩) Air Officer Commanding, Air Force Station, Ambala, Ambala Cantt (Haryana), Pin-133 001. শূন্যপদ : হিন্দি টাইপিস্ট ১টি (জেনাঃ প্রাঃসঃকঃ)।

(৪) Air Officer Commanding, Air Force Central Accounts Office (AFCAO), Subrtot Park, New Delhi-110 010. শূন্যপদ : লোয়ার ডিভিশন ক্লার্ক পদে ৩টি (জেনাঃ প্রতিবন্ধী ২, তঃজাঃ প্রতিবন্ধী ১)। দরখাস্তের বয়ান :

**PROFORMA FOR APPLICATION**

APPLICATION FOR THE POST OF ____________ In ____________ Unit

(1) Post applied for : ____________

(2) Name of Candidate : ____________ (In Block letters)

(3) Father's Name : ____________

(4) Date of Birth : ___/___/____ (attach copy of Birth Certificate self attested )

Paste a Self attested Photograph

(5) Age as on the last date prescribed for receipt of application : Years ____ Months ____ Days ____

(6) Address for correspondence
House No./Street/Village ____________
Post Office ____________ Distt ____________
State ____________ Pin Code ____________

(7) Permanent Address
House No./Street/Village ____________
Post Office ____________ Distt ____________
State ____________ Pin Code ____________

(8) Caste: Gen/OBC/SC/ST : ____________ (attach self attested certificate in case of SC/ST/OBC)

(9) Educational Qualification : ____________ (attach education certificate self attested)

(10) Any other Qualification/Experience: ____________

(11) Category for which applied : Gen(UR)/OBC/SC/ST/EWS/Ex-Serviceman / PwBD.................... (attach self attested copy)

(12) Technical Training/Experience : ____________

(13) Domicile : ____________ (attach self attested copy)

(14) Whether registered with any Employment Exchange: Yes/No (If yes, mention Registration No. and Name of employment exchange)

(15) I hereby certify that above particulars mentioned in the application are correct and true to the best of my knowledge and belief. If particulars mentioned by me are found false at any stage then I shall be liable to be terminated without any notice.

Date:

Signature of candidate

**FOR OFFICIAL RECORD ONLY**

1. Received on ____________
2. Accepted/Rejected ____________
3. Reason for rejection: Underage/Overage/Incomplete documents/Any other reason to be specified ____________
4. Index No: ____________ Date of Test / skill / practical / physical test.

**Acknowledgement Card**

Post of ____________

(1) Name : ____________

(2) Father's Name: ____________

(3) Address for correspondence (To be filled same as per Column 6 of application form)
House No./Street/Village ____________
Post Office ____________ Distt ____________
State ____________ Pin Code ____________

Paste a Self attested Photograph

(4) Index No: ____________ Date and Time of Test / skill / practical / physical test ____________

(5) Venue of Written Test / skill / practical / physical test ____________

Signature of Controlling Officer

ANNEXURE-II

**Form of Medical Certificate to be produced by the Persons with Benchmark Disabilities Candidates who seek exemption from appearing in the Typewriting Test**

This is to certify that Sh. /Smt./Kum.____________ son/daughter/wife of Shri ____________ is suffering from ____________ Clinical Diagnosis as a result of which he / she has the following disabilities. (Brief description of his / her disabilities) ____________

This is a permanent disability and the extent of his / her disability works out to ____% of disability. This disability is likely to interfere with Typewriting (specify) ____________

Photograph of candidate clearly showing face with affected portion of the body

Signature of Civil Surgeon:
Name:
(Official Stamp)
Place:
Date:

Signature of candidate:
Name:
Roll Number:

CBC 10801/11/0011/2526

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের সারা বছরের পরীক্ষাসূচী বদল হবে বলে জানানো হয়েছিল। কবে কোন পরীক্ষা হবে তা জানাবেন। — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ এই সংখ্যায় প্রথম পৃষ্ঠায় দেওয়া খবর দেখুন।

■ *২০২৫ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? পরীক্ষা কবে হবে? — প্রতীক চ্যাটার্জী, বারাসাত, উত্তর ২৪ পরগনা। ঋতুশ্রী মল্লিক, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ ২০২৫ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পদের বিজ্ঞপ্তি বেরোবে ৯ জুন। দরখাস্ত নেওয়া হবে ৪ জুলাই পর্যন্ত। প্রার্থী বাছাইয়ের কম্পিউটার বেসড টেস্ট শুরু হবে ১৩ আগস্ট থেকে ৩০ আগস্ট পর্যন্ত।

## পি.এস.সি.'র

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? বিজ্ঞপ্তি কবে বেরোবে? প্রার্থী বাছাই কীভাবে হয়? — মিনা ভৌমিক, ডানলপ, কলকাতা। তপতি বিশ্বাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ যে কোনো শাখার গ্র্যাজুয়েট তরুণীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৯ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হয়। এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে ৪০০ নম্বরের মেন পরীক্ষা। তারপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ। ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ, (খ) অ্যারিথমেটিক, (গ) টেস্ট অফ রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। মেন পরীক্ষায় ৪০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের এই ৪টি পেপার থাকবে : (ক) ইংরিজি - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (খ) বাংলা - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (গ) জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (ঘ) অ্যারিথমেটিক - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। ২০২৪ সালে নতুন বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে।

■ *পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষার সিলেবাস জানাবেন। পরীক্ষা কবে হবে? — অনুপ সাঁতরা, সন্তোষপুর, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা। দেবব্রত দত্তগুপ্ত, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। এইসব বিষয়ে : (ক) ইংরিজি -৫০ নম্বর। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ করা। (খ) বাংলা/হিন্দি /নেপালী / উর্দু /সাঁওতাড়-৫০ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। এই পেপারে থাকবে রিপোর্ট লেখা, সামারি বা, প্রেসি লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ করা।

প্রথম ও দ্বিতীয় পার্টে কোয়ালিফাই করলে এরপর কম্পিউটার টেস্টের জন্য ডাকা হবে। প্রতিটি গ্রুপ /পেপারে থাকবে আলাদা কোয়ালিফাইং নম্বর। কোনোটিতে কোয়ালিফাইং নম্বর না পেলে সফল হতে পারবেন না। তপশিলী, ও.বি.সি.'দের জন্য কোয়ালিফাইং নম্বরে ছাড় আছে।

প্রথম পার্টের পরীক্ষায় ইংরিজি বিষয়ে থাকবে ভোকাবুলারি, গ্রামার, বাক্য গঠন, সিনোনিম, অ্যান্টোনিম ও শব্দের সঠিক ব্যবহার। জেনারেল স্টাডিজ পেপারে ভারতীয় ইতিহাস, ভূগোল, দৈনন্দিন বিজ্ঞান ও ভারত-সহ সাম্প্রতিক ঘটনা ও সমস্যা বিষয়ে প্রশ্ন থাকবে আর অ্যারিথমেটিকের প্রশ্ন হবে মাধ্যমিক পরীক্ষার অঙ্কের সিলেবাস অনুযায়ী। প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে। দু'টি পার্টের পরীক্ষা একই দিনে হবে।

## স্কুল সার্ভিসের

■ *ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে বি.টেক. পাশ করেছি। এখন বি.এড. করলে স্কুল সার্ভিস বা, সি-টেট পরীক্ষা দিতে পারব কি? — অভিষেক মজুমদার।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *স্কুল সার্ভিস কমিশনের নবম থেকে দ্বাদশ ও গ্রুপ-সি আর গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি বেরোবে কবে? নতুন প্রার্থীরা কি পরীক্ষা দিতে পারবে? না শুধুমাত্র ২০১৬ সালের প্রার্থীরাই পরীক্ষা দিতে পারবে? — মন্দিরা দাস, রাজবেড়িয়া, জাগুলিয়া, নদিয়া। অজয় রায়, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ এ মাসেই বিজ্ঞপ্তি বেরোবে। প্রথমে নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত প্রার্থীদের বেলায় দরখাস্ত নেওয়া হবে। তারপর গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে লোক নেওয়া হবে। ২০১৬ সালের প্রার্থীরা ছাড়াও নতুন প্রার্থীরা যাতে পরীক্ষা দেওয়ার সুযোগ পায় সে বিষয়ে সিদ্ধান্ত আলোচনা পর্যায়ে আছে।

## রেলে চাকরির

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির (গ্র্যাজুয়েট ও নন-গ্র্যাজুয়েট) কম্পিউটার বেসড টেস্ট কবে হবে? — রাহুল দত্ত, শ্যামনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির (গ্র্যাজুয়েট লেভেল) পরীক্ষা হবে ৫ জুন থেকে ২৩ জুন পর্যন্ত। কোন প্রার্থীর কবে কোথায় পরীক্ষা হবে তা জানতে পারবেন এই ওয়েবসাইটে : www.rrbapply.gov.in

## কোর্স ও ট্রেনিং

■ *লাইব্রেরি সায়েন্সের কোর্স কোথায় কোথায় পড়ানো হয়? — মিতা হেমব্রম, দক্ষিণ দিনাজপুর।*

■■ লাইব্রেরি সায়েন্সের সার্টিফিকেট কোর্স করানো হয় পশ্চিমবঙ্গের এই ৩টি প্রতিষ্ঠানে : (১) বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, (২) কালিম্পঙের গভর্নমেন্ট জনতা (পিপলস) কলেজ ও বাণীপুরের গভর্নমেন্ট পিপলস (জনতা) কলেজ। শিক্ষাগত যোগ্যতা দরকার যেকোনো শাখার উচ্চ মাধ্যমিক বা, সমতুল পাশ। কর্মরত প্রার্থীরা মাধ্যমিক যোগ্যতার হলে ও সেইসঙ্গে ৫ বছরের পূর্ণ সময়ের গ্রন্থাগারের কর্মী হলে আবেদনযোগ্য। লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পড়ানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়, কল্যাণী বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ, বর্ধমান বিশ্ববিদ্যালয়, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়। এছাড়াও দূরশিক্ষায় পড়ানো হয় ইগনু, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়।

## অন্যান্য চাকরির

■ *জীবনবিমার এজেন্টরা কি সরকারি কর্মী? এল.আই.সি.'র এজেন্ট হতে কি পরীক্ষা দিতে হয়? — ঈশানী রায়, ভদ্রেশ্বর, হুগলি।*

■■ জীবনবিমার এজেন্টরা সরকারি কর্মী নন। এঁরা কমিশনভিত্তিক এজেন্ট। বিমা করাতে পারলেই কমিশন। এছাড়াও অন্যান্য সুবিধা আছে। এজেন্ট হওয়ার জন্য জীবনবিমা নিগম বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেয়। কিংবা সরাসরি এল.আই.সি. অফিসে যোগাযোগ করে ডেভেলপমেন্ট অফিসারের অধীনে কিংবা ক্লাব মেম্বার্স এজেন্টের অধীনে এজেন্ট হতে পারেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে অডিট অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার | গ্র্যাজুয়েট | - | - | www.pscwbapplication.in |
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| দূষণ নিয়ন্ত্রণ পর্ষদে টাইপিস্ট, অ্যাসিস্ট্যান্ট | মাস্টার ডিগ্রি | ৬৯ | - | www.cpcb.nic.in |
| নর্থ ইস্টার্ন ইলেক্ট্রিক পাওয়ার কর্পোরেশনে এক্সি. ট্রেনি | গ্র্যাজুয়েট | ২৮ | - | www.neepco.co.in |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই, ডিপ্লোমা | ১,৭৭০ | ২-৬-২৫ | www.iocl.com |
| ক্যাবিনেট সেক্রেটারিয়েটে ফিল্ড অফিসার | গ্র্যাজুয়েট | ২০ | ২৫-৫-২৫ | www.cabsec.gov.in |
| আই.টি.আই কোর্সে ভরতি | ক্লাস এইট পাশ মাধ্যমিক | - | ১০-৬-২৫ | https://scvtwb.in |
| পলিটেকনিক কোর্সে ভরতি | মাধ্যমিক পাশ | - | ১০-৬-২৫ | https://scvtwb.in |
| ব্যাঙ্ক অফ বরোদায় অফিস অ্যাসিস্ট্যান্ট | মাধ্যমিক | ৫০০ | ২৩-৫-২৫ | www.bankofbaroda.co.in |
| ইন্ডিয়ান হাইওয়েজ ম্যানেজমেন্ট সংস্থায় ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ৪৯ | ২-৬-২৫ | www.ihmcl.co.in |
| কটন কর্পোরেশনে জুনিয়র কমার্শিয়াল এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | ১৪৫ | ২৪-৫-২৫ | www.cotcorp.org.in |
| ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডসে সায়েন্টিস্ট | গ্র্যাজুয়েট | ২০ | ২৩-৫-২৫ | www.bis.gov.in |
| ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কে লোকাল ব্যাঙ্ক অফিসার | গ্র্যাজুয়েট | ৪০০ | ৩১-৫-২৫ | www.iob.in |
| স্টেট ব্যাঙ্কে সার্কেল বেসড অফিসার | গ্র্যাজুয়েট | ২৬০০ | ২৯-৫-২৫ | https://bank.sbi |
| এয়ারপোর্ট অথরিটিতে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই, গ্র্যাজুয়েট | ১৩৫ | ৩১-৫-২৫ | www.nats.education.gov.in |
| ভান্ডারা অর্ডন্যান্স ফ্যাক্টরিতে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ১২৫ | ৩১-৫-২৫ | https://munitionsindia.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ৭ সেপ্টেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পদের প্রিলিমিনারি পরীক্ষা | ৮ জুন, ২০২৫ | www.upsc.gov.in |
| PSC-Clerkship-23 পার্ট-।। পরীক্ষা | ১৫ জুন, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-Clerkship-24 পার্ট-। পরীক্ষা | ২৮ ডিসেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৪ প্রিলিমিনারি পরীক্ষা | ২৩ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেক) -২০২৪ পরীক্ষা | ৯ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেক) -২০২৪ পরীক্ষা | ১৬ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| UGC-NET পরীক্ষা | ২১ জুন থেকে ৩০ জুন | www.ugcnetonline.in |
| প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি (PUBDET-2025) পরীক্ষা | ২১ ও ২২ জুন | https://wbjeeb.nic.in |
| CAPF (Asstt. Commandant) ২০২৫ পরীক্ষা | ৩ আগস্ট | www.upsconline.nic.in |
| NET-ARS, SMS, STO -2025 | ৪ সেপ্টেম্বর | www.asrb.org.in |
| UPSC এর IES / ISS পরীক্ষা | ২০ জুন থেকে | www.upsc.gov.in |
| UPSC-এর Civil Service/Forest Service-২০২৫ প্রিলি. পরীক্ষা | ২৫ মে | www.upsc.gov.in |
| SBI-এর Circle Based Officer পদের অনলাইন টেস্ট হবে | জুলাইয়ে | https://bank.sbi/careers |

# রেলের NTPC



ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (NTPC-Graduate) গ্র্যাজুয়েট যোগ্যতায় গুডস ট্রেন ম্যানেজার, স্টেশন মাস্টার, চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর, জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট ও সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৮,১১৩টি শূন্যপদের জন্য যে দরখাস্ত নেওয়া হয়েছিল তার সিবিটি টেস্ট হবে ৫জুন থেকে ২৩ জুন পর্যন্ত। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) অঙ্ক - ৩০ নম্বর, (২) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর-কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন 'কর্মসংস্থান' পত্রিকার সহ সম্পাদক **রঞ্জিত ঘোষ।**

1. স্থির অবস্থায় একটি বস্তুর থাকে —
(A) দ্রুতি (B) বেগ (C) ভরবেগ (D) শক্তি

2. চোখের কোন অংশে রঞ্জক থাকার জন্য চোখের রং কালো, বাদামি বা নীল হয়?
(A) পিউপিল (B) আইরিশ (C) কর্নিয়া (D) রেটিনা

3. জলের হিমাঙ্ক হল —
(A) 100°C (B) 0K (C) 0°C (D) 100K

4. তাপের SI একক কী?
(A) ফ্যারাডে (B) ওয়াট (C) জুল (D) কেলভিন

5. রেফ্রিজারেটরে কোন গ্যাসের উপস্থিতি লক্ষ্য করা যায়?
(A) CFC (B) HFC (C) মিথেন (D) কার্বন ডাই-অক্সাইড

6. নীচের কোন মৌলটির যোজ্যতা 3 ?
(A) Al (B) C (C) Mg (D) S

7. কোনো ব্যক্তিকে মৌমাছি হুল ফোটালে, কোন রাসায়নিক পদার্থ যন্ত্রণা থেকে মুক্তি পেতে সাহায্য করে?
(A) ভিনিগার (B) বেকিং সোডা (C) দই (D) সাধারণ লবণ

8. প্রদত্ত বিক্রিয়াতে নীচের কোনটি বিজারিত হবে?
$ZnO + C \rightarrow Zn + CO$
(A) ZnO (B) কার্বন (C) Zn (D) CO

9. কোন অ-ধাতুটি তরল?
(A) ক্লোরিন (B) ব্রোমিন (C) ফ্লুরিন (D) সালফার

10. কার্বনের যোজ্যতা কত?
(A) চার (B) ছয় (C) তিন (D) দুই

11. নীচের কোনটিকে 'কোশের শক্তিঘর' বলা হয়?
(A) নিউক্লিয়াস (B) গলগি বডিস
(C) মাইটোকনড্রিয়া (D) রাইবোজোম

12. কোন জীব, দেহের বাইরের খাদ্য উপাদান ভাঙে আর পাচিত খাদ্য শোষণ করে?
(A) হরিণ (B) উকুন (C) অ্যামিবা (D) মাশরুম

13. নীচের মধ্যে কোনটি জাইলেমের উপাদান নয়?
(A) ভেসেল (B) সঙ্গীকোশ (C) ট্র্যাকিড (D) প্যারেনকাইমা

14. নীচের মধ্যে কোনটি বৃদ্ধির জন্য প্রোটিন দেয়?
(A) শস্যদানা (B) শাকসবজি (C) জল (D) আপেল

15. জীবকোশে প্রোটিন তৈরির জন্য তথ্যের উৎস কী?
(A) নিউক্লিয়াস (B) DNA (C) ক্রোমোজোম (D) রাইবোজোম

16. নীচের কোন জায়গাটির নাম ম্যানগ্রোভ উদ্ভিদ থেকে নামকরণ করা হয়েছে?
(A) বৃন্দাবন (B) সুন্দরবন (C) মুসৌরি (D) মধুবনী

17. নীচের কোন গ্যাস গ্রিনহাউস প্রভাবের জন্য দায়ী?
(A) ক্লোরিন (B) কার্বন ডাই-অক্সাইড (C) অক্সিজেন (D) হাইড্রোজেন

18. নীচের কোনটি বস্তুগত দূষণ নয়?
(A) মাটি দূষণ (B) বায়ুদূষণ (C) শব্দদূষণ (D) জলদূষণ

19. নীচের মধ্যে কোনটি বড় শহরে বায়ুদূষণ ঘটায়?
(A) তামা (B) সীসা (C) ক্রোমিয়াম (D) কপার

20. 1989 সালে কে 'নর্মদা বাঁচাও আন্দোলন' শুরু করেন?
(A) বাবা আমতে (B) মেধা পাটকার (C) মধু কামেকর (D) মধু কোডসে

21. নীচের কোন শহরকে ভারতের 'সিলিকন ভ্যালি' বলা হয়?
(A) হায়দরাবাদ (B) বেঙ্গালউরু (C) চেন্নাই (D) জয়পুর

22. HTML কোডিংয়ের সঙ্গে সম্পর্কিত —
(A) Note Pad (B) Word Pad (C) MS Word (D) Wordicon

23. কম্পিউটারের জনক কে?
(A) চার্লস ব্যাবেজ (B) পাস্কাল (C) বিল গেটস (D) কোনোটিই নয়

24. নীচের কোন শব্দটি ইন্টারনেটের সঙ্গে জড়িত?
(A) www (B) http (C) e-mail (D) সবক'টি

25. কম্পিউটার প্রোগ্রামিংয়ে কোনো ত্রুটিকে কী বলা হয়?
(A) Bug (B) Brt (C) Virus (D) কোনোটিই নয়

26. ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাটি হল —
(A) 0 (B) 1 (C) 2 (D) 3

27. $\frac{\sqrt{288}}{\sqrt{128}} = ?$
(A) $\frac{\sqrt{3}}{2}$ (B) $\frac{2}{\sqrt{3}}$ (C) $\frac{3}{2}$ (D) $\sqrt{\frac{3}{2}}$

28. $\sqrt{64009} = ?$
(A) 803 (B) 363 (C) 253 (D) কোনোটিই নয়

29. $\frac{391}{667}$ এর সরলীকৃত রূপ হল —
(A) $\frac{23}{31}$ (B) $\frac{19}{23}$ (C) $\frac{15}{19}$ (D) $\frac{17}{29}$

30. $\sqrt{1350}$ এর মিশ্র করণী হল —
(A) $12\sqrt{6}$ (B) $15\sqrt{6}$ (C) $13\sqrt{6}$ (D) $14\sqrt{6}$

31. $3 - 1 + 3 \times 6 \div 3 - 1 = ?$
(A) 11 (B) – 3 (C) 7 (D) 9

32. সমাধান করুন : $6.05 \times 0.4$
(A) 2 (B) 0.2 (C) 0.02 (D) 0.002

33. 11টি সংখ্যার গড় হল 30. যদি প্রথম দশটি সংখ্যার গড় 22 হয়, তাহলে 11তম সংখ্যাটি হল —
(A) 8 (B) 80 (C) 30 (D) 110

34. যদি A : B = 3 : 4 আর B : C = 5 : 6 হয়, তবে A : B : C = ?
(A) 10 : 15 : 24 (B) 15 : 25 : 24
(C) 15 : 16 : 24 (D) 15 : 20 : 24

35. 20 পয়সা ও 4 টাকার অনুপাত হল —
(A) 1 : 8 (B) 1 : 16 (C) 1 : 20 (D) 1 : 5

36. $\frac{3}{4}$-কে শতাংশে প্রকাশ করুন।
(A) 0.75% (B) 7.5% (C) 60% (D) 75%

37. 34 এর 250% এর 50% এর 80% = ?
(A) 38 (B) 40 (C) 42.5 (D) কোনোটিই নয়

38. কত শতাংশ বার্ষিক সরল সুদের হারে 400 টাকা 5 বছরে 520 টাকা হয়?
(A) 6 (B) 5 (C) 5.5 (D) 24

39. 1200 টাকার দুই বছরের চক্রবৃদ্ধি সুদে আসলে 1348.32 টাকা হলে বার্ষিক সুদের হার কত?
(A) 6% (B) 7% (C) 8% (D) 5%

40. যদি 10টি পেনের বিক্রয়মূল্য 15টি পেনের ক্রয়মূল্যের সমান হয়, তবে শতকরা লাভ হবে —
(A) 40% (B) 60% (C) 70% (D) 50%

41. একজন দৌড়বিদ 15 কিমি/ঘণ্টা গতিতে 8 কিলোমিটার দৌড়তে কত সময় নেবে?
(A) 35 মিনিট (B) 33 মিনিট
(C) 31 মিনিট (D) 35 মিনিট

42. একটি বালতির $\frac{3}{7}$ অংশ 1 মিনিটে পূর্ণ হয়। বালতির বাকি অংশ কত মিনিটে পূর্ণ হবে?
(A) 2 মিনিটে (B) $\frac{4}{3}$ মিনিটে
(C) $\frac{7}{3}$ মিনিটে (D) কোনোটিই নয়

43. একটি সুষম বহুভুজের বহিঃকোণ 72°. বহুভুজটির অন্তঃকোণের সমষ্টি —
(A) 360° (B) 480° (C) 520° (D) 540°

44. একটি ঘনক যার মধ্যে 8 লিটার জল ধরে, সেটির তলের দৈর্ঘ্য কত সেন্টিমিটার হবে?
(A) 10 (B) 15
(C) 25 (D) 20

45. যদি $3x + 0.04x = 0.608$ হয়, তবে x এর মান কত?
(A) 2 (B) 0.2 (C) 0.02 (D) 0.002

46. যদি $\sqrt{x^2 + y^2} = 25$ আর $y = 2x$ হয়, তবে x এর মান হল —
(A) 5 (B) 25 (C) $\sqrt{125}$ (D) $\sqrt{5}$

47. একটি সুষম বহুভুজের প্রতিটি অন্তঃকোণের মান 168°. বহুভুজটির বাহু সংখ্যা কত?
(A) 36 (B) 20 (C) 24 (D) 30

48. সরল করুন : $\sin 780° \sin 480° + \cos 120° \sin 30°$
(A) $\frac{2}{3}$ (B) $\frac{1}{3}$ (C) 0 (D) $\frac{1}{2}$

49. যদি $\cos^4\theta - \sin^4\theta = \frac{3}{5}$, $1 - 2\sin^2\theta + 2\sin\theta\cos\theta$ এর মান কত?
(A) 0 (B) $\frac{8}{5}$ (C) $\frac{9}{5}$ (D) $\frac{7}{5}$

50. $(999)^2 - (998)^2 = ?$
(A) 1995 (B) 1998 (C) 1997 (D) 1992

51. লুপ্ত সংখ্যাটি নির্বাচন করুন।
21, 23, 27, 33, ______
(A) 37 (B) 41 (C) 43 (D) 49

52. বেমানান সংখ্যাটি নির্ণয় করুন।
1, 4, 9, 16, 20, 36, 49
(A) 1 (B) 9 (C) 20 (D) 49

53. a_b_aa_abba_
(A) abba (B) abaa (C) abbb (D) aaab

54. A, Z, D, Y, G, X _, _
(A) W, J (B) J, W (C) W, K (D) K, W

55. বেমানানটি নির্বাচন করুন।
(A) সোনা (B) কোদাল (C) হিরে (D) মুগুর

নির্দেশ (56-57) : *সবথেকে উপযুক্ত উত্তরটি নির্বাচন করুন।*

56. একটি গাছে সবসময়ই থাকে —
(A) ডালপালা (B) পাতা (C) ফল (D) শিকড়

57. একটি পাখায় সবসময়ই থাকে —
(A) সুইচ (B) ব্লেড (C) তড়িৎ (D) তার

58. যদি C, A এর পশ্চিমে থাকে আর B, A এর দক্ষিণে থাকে তবে B, C এর সাপেক্ষে কোনদিকে আছে?
(A) উত্তর-পশ্চিম (B) দক্ষিণ-পূর্ব
(C) উত্তর-পূর্ব (D) দক্ষিণ-পশ্চিম

59. যদি A = 26 আর SUN = 27 হয়, তবে CAT = ?
(A) 24 (B) 57 (C) 58 (D) 27

60. কোনো এক সাংকেতিক ভাষায় যদি PART-কে লেখা হয় OZQS, তবে TASK-কে কীভাবে লেখা হবে?
(A) SZQJ (B) SRZJ (C) SZRG (D) SZRJ


61. ভিকি হল বিনোদের ছেলে। বিনোদ আর বিশাল হচ্ছে দুই ভাই। তাহলে বিশাল কীভাবে ভিকির সঙ্গে সম্পর্কিত?
(A) পিতা (B) ভ্রাতা (C) কাকা (D) মামা

62. B হল D এর বোন। M হল D এর বাবা। N হল M এর বোন। তবে, B, N এর সঙ্গে কীভাবে সম্পর্কযুক্ত?
(A) বোন (B) কাকিমা (C) ভাইঝি (D) মা


63. প্রদত্ত সারিতে কতগুলি 3 সংখ্যার আগে স্বরবর্ণ আছে?
3 A 3 F 4 T 7 U 3 9 3 T T 3 J J 3 4 5 3 D X 3 X Z 3 T 3 H
(A) 7 (B) 6 (C) 5 (D) কোনোটিই নয়

64. দীনেশ, রমেশের থেকে বড়। বোমন, দীনেশের থেকে ছোটো। কে সবথেকে ছোটো?
(A) রমেশ (B) দীনেশ (C) বোমন (D) তথ্য অসম্পূর্ণ

65. নীচের কোন চিত্রটি পাখি, ঈগল ও উটপাখি এর মধ্যে সঠিক সম্পর্ক নির্দেশ করছে?




66. নীচের কোন চিত্রটি স্টেশনারি দ্রব্য, পেনসিল ও আলু এর মধ্যে সঠিক সম্পর্ক নির্দেশ করে?




67. কারখানা : সাইরেন : : ?
(A) গ্রন্থাগার : বই (B) বাড়ি : কক্ষ
(C) মোটরগাড়ি : ইঞ্জিন (D) ঘড়ি : অ্যালার্ম

68. দেশের মোট বিদেশি মুদ্রা আয়ের পরিমাণ কত?
(A) 1400 কোটি টাকা (B) 1200 কোটি টাকা
(C) 900 কোটি টাকা (D) তথ্য অপর্যাপ্ত

69. একজন ব্যক্তি তাঁর মাথা নীচের দিকে ও পা ওপরের দিকে রেখে যোগব্যায়াম করছে। তার মুখ রয়েছে পশ্চিম দিকে। ব্যক্তিটির বাম হাত কোনদিকে থাকবে?
(A) উত্তর (B) দক্ষিণ (C) পূর্ব (D) পশ্চিম


70. যদি HEMA = 27 হয়, তবে VELU = কত?
(A) 60 (B) 56 (C) 54 (D) 42

71. ঘড়ির দুটি কাঁটা কত ডিগ্রি কোণের সমষ্টি?
(A) 10° (B) 6° (C) 12° (D) 0°


72. 10টার সময় ঘড়ির ঘণ্টা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ হবে —
(A) 30° (B) 45° (C) 60° (D) 90°

73. একটি ঘড়িকে আয়নার মধ্য দিয়ে 3:15 বাজতে দেখা গেলে, তখন সঠিক সময় কত ছিল?
(A) 3:15 (B) 8:15 (C) 9:15 (D) 9:45

74. পরবর্তী চিত্রটি নির্ণয় করুন।




75.



(A) 4 (B) 6 (C) 4 (D) 3


গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
রেলের NTPC
২০২৪ স্পেশাল CBT-I পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সফল সাফল্য



# রেলের NTPC

76. যদি পরশু শুক্রবার হয়, তাহলে আগামীকালের পরের তৃতীয় দিন কী বার হবে?
(A) শনিবার (B) সোমবার
(C) রবিবার (D) শুক্রবার

77. 2010 সালের 1 জানুয়ারি কী বার ছিল?
(A) শুক্রবার (B) শনিবার
(C) রবিবার (D) সোমবার

78. গতকালের আগের দিন শনিবার হলে, আগামীকালের পরের দিন কী বার হবে?
(A) শুক্রবার (B) বুধবার
(C) বৃহস্পতিবার (D) মঙ্গলবার

79. প্রদত্ত অক্ষরসারিটি পূরণ করুন।
AE, FJ, KO, ?
(A) PT (B) PU
(C) PV (D) PF

80. A হল B এর পিতা। C হল B এর স্ত্রী। D হল C এর ছেলে। তবে D, A এর সঙ্গে কীভাবে সম্পর্কিত?
(A) নাতি (B) নাতনি
(C) ভাইপো (D) ভাইঝি

81. কোন এশীয় দেশটি সম্পূর্ণরূপে স্থলভাগের মাধ্যমে পরিবেষ্টিত নয়?
(A) আফগান-ই-স্তান
(B) লাওস (C) মঙ্গোলিয়া
(D) কম্বোডিয়া

82. কোন দেশকে 'উদীয়মান সূর্যের দেশ' বলা হয়?
(A) জাপান (B) নরওয়ে
(C) আয়ারল্যান্ড (D) তাইল্যান্ড

83. ভারতের প্রতিরক্ষা বাহিনীর সুপ্রিম কমান্ডার হলেন —
(A) রাষ্ট্রপতি (B) উপ-রাষ্ট্রপতি
(C) প্রধানমন্ত্রী (D) লোকসভার অধ্যক্ষ

84. নীচের মধ্যে প্রথম কে 'ভারতরত্ন' সম্মানে ভূষিত হন?
(A) জওহরলাল নেহরু (B) সি. ভি. রমন (C) চন্দ্রশেখর
(D) লাল বাহাদুর শাস্ত্রী

85. কোন মিষ্টি তৈরির জন্য শীতকালীন তরমুজ বা সাদা লাউ মিষ্টির সিরাপে ভেজানো হয়?
(A) জিলিপি (B) পিঠে
(C) গুলাবজামুন (D) মোরব্বা

86. জ্যোতিষশাস্ত্রে কতপ্রকার রাশিচক্রের চিহ্ন আছে?
(A) 12 (B) 16 (C) 14 (D) 11

87. প্রথম মহিলা আইএএস অফিসার কে?
(A) উজ্জ্বলা রাও (B) আন্না রাজম মলহোত্রা (C) কিরণ বেদী (D) কর্নেলিয়া সোরাবজী

88. 'Indian School of Mines' কোথায় অবস্থিত?
(A) ধানবাদ (B) আসানসোল
(C) টাটানগর (D) রৌরকেল্লা

89. আমাদের জাতীয় ক্যালেন্ডারের প্রথম মাস কী?
(A) ভাদ্র (B) ফাল্গুন
(C) চৈত্র (D) কার্তিক

90. 'বিশ্ব যকৃৎ দিবস' কবে পালিত হয়?
(A) ১৭ এপ্রিল (B) ১৮ এপ্রিল
(C) ১৯ এপ্রিল (D) ১৯ মে

91. আফগান-ই-স্তানের রাজধানী হল —
(A) হায়াবাত (B) কান্দাহার
(C) কাবুল (D) মুলতান

92. 'নোবেল শান্তি পুরস্কার' কোন শহরে দেওয়া হয়?
(A) অসলো (B) স্টকহোম
(C) ব্রাসেলস (D) জেনেভা

93. জাপানে ব্যবহৃত মুদ্রার নাম কী?
(A) ইয়েন (B) ইউয়ান
(C) রুপি (D) রিয়াল

94. নীচের মধ্যে কোন দেশটি আয়তনগতভাবে বৃহত্তম?
(A) রাশিয়া (B) কানাডা
(C) চিন (D) মার্কিন যুক্তরাষ্ট্র

95. কিম জং উন কোন দেশের 'সুপ্রিম লিডার'?
(A) জাপান (B) উত্তর কোরিয়া
(C) চিন (D) দক্ষিণ কোরিয়া

96. SAARC-এ দেশের সংখ্যা কত?
(A) 4 (B) 5 (C) 7 (D) 8

97. 'ইন্দিরা গান্ধী বিমানবন্দর' কোথায় অবস্থিত?
(A) দিল্লি (B) চণ্ডীগড়
(C) চেন্নাই (D) মুম্বই

98. 'মিসাইল ম্যান অফ ইন্ডিয়া' নামে কে পরিচিত?
(A) কে. সিভান
(B) ড. এ.পি.জে.আব্দুল কালাম
(C) ভিষম সাহনি (D) সি. ভি. রমন

99. সম্প্রতি কোন রাজ্য সরকার দেশি (indigenous) গরুকে 'রাজ্যমাতা-গোমাতা' ঘোষণা করেছে?
(A) ঝাড়খণ্ড (B) বিহার
(C) মহারাষ্ট্র (D) কর্ণাটক

100. 'পীচি ওয়াইল্ডলাইফ স্যাংচুয়ারি' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) মহারাষ্ট্র (B) কেরালা
(C) কর্ণাটক (D) ওড়িশা

### উত্তর

1(D). 2(B). 3(C). 4(C). 5(A). 6(A). 7(B). 8(A). 9(B). 10(A). 11(C). 12(D). 13(B). 14(C). 15(B). 16(B). 17(B). 18(C). 19(B). 20(B). 21(B). 22(A). 23(A). 24(D). 25(A). 26(C). 27(C). 28(C). 29(D). 30(B). 31(C). 32(C). 33(D). 34(D). 35(C). 36(D). 37(D). 38(A). 39(A). 40(D). 41(D). 42(B). 43(D). 44(D). 45(B). 46(C). 47(D). 48(D). 49(D). 50(C). 51(B). 52(C). 53(B). 54(B). 55(A). 56(D). 57(B). 58(B). 59(B). 60(D). 61(C). 62(C). 63(D). 64(D). 65(B). 66(D). 67(D). 68(B). 69(A). 70(A). 71(B). 72(C). 73(B). 74(B). 75(D). 76(C). 77(A). 78(B). 79(A). 80(A). 81(D). 82(A). 83(A). 84(B). 85(D). 86(A). 87(B). 88(A). 89(C). 90(C). 91(C). 92(A). 93(A). 94(A). 95(B). 96(D). 97(A). 98(B). 99(C). 100(B).

# WBCS পরীক্ষার নতুন সিলেবাসে কীভাবে প্রস্তুতি নিলে সাফল্য আসবে



সৌম্য মুখার্জি
জয়েন্ট কমিশনার অফ রেভিনিউ,
ওয়েস্ট বেঙ্গল রেভিনিউ সার্ভিস

খুব সম্প্রতি UPSC সিভিল সার্ভিস পরীক্ষার সাথে সাযুজ্য বজায় রাখতে এবং যাতে আমরা বেশি বেশি করে পশ্চিমবঙ্গ থেকে IAS IPS অফিসার পেতে পারি, তাই ডব্লিউবিসিএস পরীক্ষার সিলেবাস, স্কিম এবং প্যাটার্নের কিছু চেঞ্জ হয়েছে যেগুলো মেজর চেঞ্জ বলা যেতে পারে। এই চেঞ্জ গুলো যারা প্রথমবার পরীক্ষা দেবেন ২০২৫ এ (WBCS ) বা তার পরের বছরগুলোতে, তাদের জন্য যেমন গুরুত্বপূর্ণ, যারা অতীতে পরীক্ষা দিয়ে এসেছেন এবং ২০২৪ সালের MCQ প্যাটার্নের শেষ পরীক্ষা দেবেন তাদের জন্যও প্রযোজ্য। তার কারণ পরীক্ষা যারা দেন তারা জানেন যে একসাথে প্রায় দু তিনটে বছরের পরীক্ষা মধ্যে থাকতে হয় অর্থাৎ কোন একটি পরীক্ষার যখন দেখা যাচ্ছে যে মেন দিয়েছি পরের বারের পরীক্ষার প্রিলিমিনারি হয়ে গেছে অথবা তার পরের বারের পরীক্ষার ফর্ম ফিলাপ চলছে এরকম জাতীয় ব্যাপার হয়, যার জন্য যারা ২৪ সালে পরীক্ষা দেবেন তাদের কিন্তু সালের জন্যও তৈরি হতে হবে। এখন আসি কী কী পরিবর্তন হলো তাতে। প্রথম কথা, প্রিলিমিনারি পরীক্ষার এতদিন পর্যন্ত একটা পেপারে পরীক্ষা হতো ২০০ নম্বরের MCQ প্যাটার্নে। এখন সেই পেপারের সাথে আরেকটা GS II পেপারও ওই একই দিনে পরীক্ষা হবে, সেটারও মার্কস দুশো এবং MCQ প্যাটার্নেই হব। এটাকে আমরা CSAT (Civil Service Aptitude Test ) বলছি। সেখানে ইংলিশের কিছু জিনিস, ডাটা ইন্টারপ্রিটেশন, রিসনিং, মেন্টাল এবিলিটি ইত্যাদি মিলিয়ে একটা কোশ্চেন পেপার থাকবে যেটা কোয়ালিফাই নেচারের হবে। অর্থাৎ এই ম্যাচটাতে

মিনিমাম ৩৩% পেলেই তার প্রথম পেপারটা (GSI) দেখা হবে এবং প্রিলিমিনারিতে এই পেপারের উপরই তার পাশ ফেল নির্ভর করবে। এরপর আর আসি আমরা মেইন পরীক্ষায়। মেইন পরীক্ষায় পরিবর্তন আরেকটু বেশি। প্রথম কথা মেইন পরীক্ষায় আগের মতন আর MCQ প্যাটার্ন আর থাকলো না, পরীক্ষাগুলো হবে ডেস্ক্রিপটিভে বা কনভেনশনাল টাইপ প্রশ্নোত্তরে। দুই নম্বর হচ্ছে, আগে যেমন দুটো ল্যাঙ্গুয়েজ পেপার ছিল এবারও কিন্তু দুটো ল্যাঙ্গুয়েজ পেপার থাকবে যেটার প্রথমটি পেপার- A বাংলা বা নেপালি ভাষা এবং দ্বিতীয়টি পেপার- B ইংলিশ। উল্লেখ্য আগের বারের মতন হিন্দি, উর্দু, আরবি ইত্যাদি থাকছে না। তবে এই দুটো ব্যাপারেই আগের মতনই প্রেসি লেখা, লেটার রাইটিং, সম্পাদকীয়, রিডিং, ট্রান্সলেশন থাকবে। মজার ব্যাপার হলো এই দুটো পেপারই কিন্তু কোয়ালিফাই নেচারের হবে অর্থাৎ প্রত্যেকটা পেপারে মিনিমাম ৩০% পেলেই পাস। এই মার্কস কিন্তু ফাইনাল মেরিট লিস্টে যোগ হবে না। তাহলে ফাইনাল মেরিট লিস্ট কীভাবে হবে? ফাইনাল মেরিট লিস্ট হবে ৬ টা কম্পালসারি এবং ২টো একই অপশনাল সাবজেক্টের পেপার গুলোর উপরে যেগুলো প্রত্যেকটি ২৫০ মার্কসের আর ৩ ঘন্টা করে সকালে বিকেলে দুটো সময়ে হবে। যারা যারা গ্রুপ A এবং B এর জন্য পরীক্ষা দিচ্ছেন তাদের ৬টা কম্পালসারি আর ২টো অপশনাল মিলে ৮টা পেপার, আর যারা শুধু C এবং D এর জন্য দিচ্ছেন তাদের ৬টা কম্পালসারি ব্যাপারে পরীক্ষা দিতে হবে। প্রতিটা কোশ্চেনের মার্কস কি হবে এই মুহূর্তে বলা সম্ভব নয় তবে ছোট কোশ্চেনও থাকতে পারে আবার ১ বা ১৫ বা ৮০ (চল্লিশ) মার্ক্স থাকতে পারে। এবার আমি আসি প্রত্যেকটা পেপারে বিষয় পেপার এ এবং বি আগেই বলেছি দুটো ল্যাঙ্গুয়েজ পেপার যেটা কোয়ালিফাইং নেচারের এরপর চলে আসবে কম্পালসরি পেপার। পেপার I -এ আছে রচনা, Essay শুধুমাত্র ইংরেজিতে লিখতে হবে (UPSC তে যে কোনো ভাষায় লেখা যায়) এবং একাধিক এসে থাকতে পারে অর্থাৎ আড়াইশো বক্সের মধ্যে ধরা যেতে পারে ১২৫ করে দুটো হয়েছে। এরপর আছে পেপার II - পশ্চিমবঙ্গের আর্ট কালচার হেরিটেজ নিয়ে একটি পেপার। এইদুটো কোশ্চেন পেপার কিন্তু নতুন ঢোকানো হয়েছে। এরপর আসি পেপার III - GS I, এটা ভারত ও বিশ্বের ইতিহাস ও ভূগোল নিয়ে একটু পেপার। হিস্ট্রিতে যেটা আগে ছিল সেটা একটু চেঞ্জ হয়ে এখন শতাব্দী থেকে পোস্ট ইন্ডিপেন্ডেন্ট সময়কাল অব্দি দেওয়া রয়েছে। বিশ্বের ইতিহাস ও বিশ্বের ভূগোল নতুন ঢোকানো হয়েছে। পেপার IV বা GS II পেপারে আছে সাইন্স, টেকনোলজি ইত্যাদির অগ্রগতি, পরিবেশ বিদ্যা ইত্যাদি। পেপার V বা GS III পেপারে ভারতের পলিটি, ইকোনমি, সোসাইটি ইত্যাদি এবং পেপার VI বা GS IV পেপারটি নতুন ঢোকানো হয়েছে যেটাতে আছে Ethics বা নীতি তত্ত্ব নিয়ে বিভিন্ন কোশ্চেন। এছাড়া একটি অপশনাল সাবজেক্ট বেছে নিতে হবে যেটা আগের মতনই রয়েছে, দুটো পেপারে (Paper- VII, Paper-VIII) আড়াইশো করে ৫০০ নম্বরে পরীক্ষা। কিন্তু এখানে একটা জিনিস মাথায় রাখতে হবে সিলেবাস ও প্যাটার্ন যদিও বা মোটামুটি এক, কিন্তু কোশ্চেন স্ট্যান্ডার্ড অবশ্যই আলাদা হবে। UPSC কোশ্চেনের স্ট্যান্ডার্ড এবং স্টেট সার্ভিস কিন্তু গভীরতা, এনালিটিকাল দিক থেকে অনেক আলাদা হবে। আমাদের অভিজ্ঞতা দিয়ে বলতে পারি বিসিএস পরীক্ষায় প্রশ্ন অনেক সোজাসাপ্টা হবে। তবে GS পেপার এর প্রায় প্রতিটাতে কিন্তু সাম্প্রতিক ঘটনাবলীর অনেকটা জায়গা রয়েছে এবং সেই ঘটনাগুলোকে সাবজেক্ট গুলোর সাথে লিংক করে পড়তে হবে। এখন থেকে নিউজ পেপার পড়া শুরু করতে হবে। প্রত্যেকটা পেপারের ডিনামিক পার্ট টা হয়তো বা সরাসরি বইয়ে পাওয়া যাবে না বা সেটার বই বেরোতে গেলে আবার পরে বই কিনতে হবে। কারণ যে বইটা অলরেডি কিনেছি তারপরে তার কী ডেভেলপমেন্ট হয়েছে সেটা কিন্তু আমি অনলি খবরের কাগজ থেকেই জানতে পারবো। কোন খবরের কাগজ পড়বে? একটু ন্যাশনাল নিউজ পেপার যেটি হিন্দু দা ইন্ডিয়ান এক্সপ্রেস ইত্যাদি। আমি আমার টেলিগ্রাম চ্যানেলে কিন্তু প্রত্যেকদিন এটা ফ্রিতে সকলের জন্য আপলোড করে দিচ্ছি (https:// www.t.me/TheSoumyaSir) আচ্ছা এবার আসা যাক ইন্টারভিউতে। এখানে কিন্তু কোন পরিবর্তন নেই, যে ২০০ বা ১৫০ বা ১০০ নম্বর ইন্টারভিউ ছিল সেটাই আছে কিন্তু টোটাল মার্কস এখন দু হাজারের এর উপরে চলে গেছে অর্থাৎ ২২০০ মার্কসের উপরে মেরিট লিস্ট তৈরি হবে। সঙ্গে আরও ৬০০ মার্ক্স বাংলা ইংরেজি বা নেপালি পরীক্ষা দিতে হবে। আরেকটি কথা, Main পরীক্ষায় এবার থেকে ম্যাথ বা রিজনিং থাকছে না। প্রিলিমিনারিতে GS ই পেপারে থাকবে না। প্রিলিমিনারিতে সেই জায়গায় পরিবেশ বিদ্যা ঢুকছে। ভয় পাওয়ার কোন কারণ নেই। যেটা দরকার সেটা হচ্ছে প্রচুর পরিমাণে লেখা প্র্যাকটিস করা এবং বিভিন্ন ধরনের কোশ্চেন এলে তাকে কিভাবে লিখব সেটা দেখা টাইম ম্যানেজমেন্ট এবং নতুন নতুন যেহেতু সাবজেক্ট এড হয়েছে সেগুলোকে কিভাবে ট্যাকেল করবো সেটা ভাবা কারণ এই সময়ে বাজারে খুব বেশি বই বা এক্সপার্ট লোক পাওয়া যাবে না সুতরাং ছাত্র-ছাত্রীদের ভুল জিনিস পড়ার সম্ভাবনা বা মিসগাইডেড হওয়ার প্রবণতা অনেক বেশ। আমি বলব অপ্রয়োজনীয় ভাবে বেশি পড়ে লাভ নেই যতটুকু দরকার ততটুকু পড়বেন এবং প্রথম থেকে যদি একটু সিলেবাস গুলো ভালো করে পড়ে এগোন। যদি না বুঝতে পারেন কোন প্রপার গাইডেন্সে আসতে পারেন ভালো আর যদি চান এই নাম্বারে কল করে নেবেন ৯৬৭৪৪৯৩৬৭৩।

**MAIN EXAM**

| Sl. No. | Compulsory Papers | Marks | | | |
|---|---|---|---|---|---|
| | | Group 'A' | Group 'B' | Group 'C' | Group 'D' |
| 1. | English Essay | 250 | 250 | 250 | 250 |
| 2 | Tradition and Culture of Bengali | 250 | 250 | 250 | 250 |
| 3. | General Studies – I | 250 | 250 | 250 | 250 |
| 4. | General Studies-II | 250 | 250 | 250 | 250 |
| 5. | General Studies-III | 250 | 250 | 250 | 250 |
| 6. | General Studies-IV | 250 | 250 | 250 | 250 |
| 7. | Optional Subject Paper-I | 250 | 250 | - | - |
| 8. | Optional Subject Paper-II | 250 | 250 | - | - |
| | Personality Test | 200 | 200 | 150 | 100 |
| | Total Marks | 2200 | 2200 | 1650 | 1600 |

**Preliminary Exam**

| Sl No. | Subjects | Marks Assigned |
|---|---|---|
| I. | English Composition | 20 |
| II. | General Science | 20 |
| iii. | Current Events of National and International Importance | 20 |
| iv. | History of India | 20 |
| v | Geography of India with special reference to West Bengal | 20 |
| vi. | Indian Polity and Economy | 20+20 = 40 |
| vii. | Indian National Movement | 20 |
| viii. | General Issues on Environmental Ecology, Bio-Diversity and Climate Change- that do not require subject specialization | 40 |
| | TOTAL | 200 |

General Studies Paper-II will include questions covering the following fields of knowledge:

| Sl No. | Topics | Marks Assigned |
|---|---|---|
| I. | Comprehension | 60 |
| II. | Interpersonal Skills Including Communication Skills | 10 |
| III. | Logical Reasoning and Analytical Ability | 35 |
| IV. | Decision Making and Problem Solving | 30 |
| V. | General Mental Ability | 30 |
| VI. | Basic Numeracy (Numbers and their relations, Orders of Magnitude, etc.), Data Interpretation (Charts, Graphs, Tables, Data Sufficiency) - Class X Level | 35 |
| | TOTAL | 200 |

www.sikshabangla.in

# এবার আসছি আমরা কোচবিহারে

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চটপট চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

## ১৩ ও ১৪ জুন (শুক্রবার ও শনিবার)

সিটি মল (গিরিরাজ ব্যাঙ্কোয়েট) খাগড়াবাড়ি, কোচবিহার

থাকবে দেশ ও রাজ্যের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আইটিআই, নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচারাল আর অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ, চাকরির কোচিং ইনস্টিটিউটের স্টল

উপস্থাপনায় :

স্পট অ্যাডমিশনে পাবেন বিশেষ ছাড়

# কর্মসংস্থান পত্রিকা

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

*Title Sponsor :*

ncsm
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

NATIONAL COMPUTER SAKSHARTA MISSION







বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

গতবারের মতো এবারেও
কমন
পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের
Constable
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৬০০/- টাকা~~ ৩০০/- টাকা
সাফল্য সাফল্য সাধারণ জ্ঞান

# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



WBNC ও WBUHS স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. এছাড়া ভরতির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

N.B : MBS Multi Speciality Hospital (107 Bed) coming soon in this year.

## আই.আই.টি. তে নন টিচিং পদে চাকরি

খড়গপুরের আই.আই.টি.-তে বিভিন্ন নন-টিচিং পদে (মেডিক্যাল ক্যাডারে) লোক নেওয়া হচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.iitkgp.ac.in

## বাঁকুড়া জেলাতে বিভিন্ন পদে চুক্তিতে চাকরি

বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লক বা, পৌরসভার অতিরিক্ত পরিদর্শক, বি.সি.ডব্লু.এ. ও টি.ডি. ইত্যাদি পদে চুক্তিতে কিছু লোক নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ৩০ মে বাঁকুড়া জেলা শাসকের অফিসে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.bankura.nic.in

## জেলা পুলিশ সিনিয়র লিগ্যাল কন্সালট্যান্ট পদে চাকরি

পূর্ববর্ধমান জেলা পুলিশ সিনিয়র লিগ্যাল কনসালট্যান্ট পদে লোক নিচ্ছে। পারিশ্রমিক মাসে ৪০,০০০ টাকা। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://purbabardhamanpolice.wb.gov.in

রানাঘাট জেলা পুলিশ সিনিয়র লিগ্যাল কনসালট্যান্ট পদে লোক নিচ্ছে। পারিশ্রমিক মাসে ৪০,০০০ টাকা। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://wbpolice.gov.in

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন চাকরির পরীক্ষায়
সাফল্যের কৌশল, দীর্ঘস্থায়ী অনুশীলন ছাড়া আয়ত্ত হয় না।
RICE EDUCATION
TAMALI SAHA UPSC CSE 2021
PEMBA NARBU SHERPA UPSC CSE 2022
RISHITA DAS UPSC CSE 2024
UPSC-তে ধারাবাহিক সাফল্যের ঐতিহ্য নিয়ে আবারও RICE
"Aspire Civils"
An Integrated IAS & WBCS Course
Expert in IAS & WBCS coaching, delivering top results in Delhi & Kolkata
মার্চ মাসে প্রকাশিত SSC MTS-2024 পরীক্ষায় RICE-এর সফল কয়েকজন ছাত্রছাত্রীর তথ্য...
SUMAN GARAI SSC MTS (Non-Technical)-2024 Kaligram, Purba Bardhaman
PREETI MUKHERJEE SSC MTS (Non-Technical)-2024 Monirampur, Barrackpore North 24 Parganas
DAVID HEMRAM 1. SSC MTS (Non-Technical)-2024 2. Constables in Kolkata Police-2022 Illambazar, Durgapur
DIPTI PRADHAN SSC MTS (Non-Technical)-2024 Sevoke Road, Siliguri
SHIUNY SAHA SSC MTS (Non-Technical)-2024 Berhampore, Murshidabad
PRASUN KUMAR SSC MTS (Non-Technical)-2024 Roybazar, Hooghly
SOHAM DAS SSC MTS (Non-Technical)-2024 Sonarpur, South 24 Parganas
ARABINDA DEY SSC MTS (Non-Technical)-2024 Behala, Kolkata
MONISHA GHOSH SSC MTS (Non-Technical)-2024 Nepalgunj, Kolkata
ARUNAVA PAUL SSC MTS (Non-Technical)-2024 Narasingha Dutta Ghat Road, Sukchar
SUPARNA DEY SSC MTS (Non-Technical)-2024 Madhyamgram, North 24 Parganas
SUKANYA BARURI SSC MTS (Non-Technical)-2024 Katwa, Bardhaman
& Many more...
Classroom | Online | Residential
IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | TET | Insurance
Head Office : "Dishari House", Belgharia 84799 02085 / 84799 18051
Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
RICE IAS Centre, Sealdah
For All Branches 62921 90230
RICE ADAMAS GROUP | ricesmart | RICE RESIDENTIAL | ADAMAS UNIVERSITY NAAC GRADE | Adamas | Adamas | adamas tech | Adamas KIDS | riceeducation.in
RICE Education-এর প্রাক্তন শিক্ষার্থী যারা এখনও সাফল্যের জন্য প্রস্তুতি নিচ্ছেন, আমরা আপনাদের পাশে আছি। আজই যোগাযোগ করুন!

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com